# কুইজ প্রশ্নোত্তর



আব্দুল হামীদ মাদানী



প্রশ্নোত্তরের মাধ্যমে জ্ঞান-চর্চা ও তা'লীম-তরবিয়ৎ একটি উৎকৃষ্ট পন্থা। এই পন্থায় পুরস্কার দ্বারা উৎসাহিতকরণের মাধ্যমে যে সকল মুরাব্বীগণ তরবিয়ৎ দিয়ে থাকেন, তাঁদের মধ্যে মাষ্টার মুহাম্মদ রফিক অন্যতম। তাঁরই উদ্যোগে প্রশ্নোত্তর সম্বলিত এই কুইজ পুস্তিকার অবতারণা।

আল্লাহ তাঁকে ও এই পুস্তিকা প্রকাশনায় সকল সহযোগীকে 'জাযায়ে খাইর' দান করুন। আমীন।

পুস্তিকাটিকে ৭টি ভাগে বিভক্ত করা হয়েছে। (১) আকীদা বিষয়ক প্রশ্নোত্তর বিভাগ, (২) কুরআন বিষয়ক প্রশ্নোত্তর বিভাগ, (৩) হাদীস বিষয়ক প্রশ্নোত্তর বিভাগ, (৪) ফিক্‌হ বিষয়ক প্রশ্নোত্তর বিভাগ, (৫) ইসলামী ইতিহাস বিষয়ক প্রশ্নোত্তর বিভাগ, (৬) সর্বপ্রথম ও সর্বশেষ বিষয়ক প্রশ্নোত্তর বিভাগ এবং (৭) সাধারণ জ্ঞান বিষয়ক প্রশ্নোত্তর বিভাগ। উত্তরের হাওয়ালা নির্দিষ্ট বিষয়ক গ্রন্থাবলীতে পাওয়া যাবে।

এর দ্বারা ছাত্র-ছাত্রী তথা মুসলিম সমাজ উপকৃত হলে, শ্রম সার্থক হবে।

বিনীত ইতি-
*আব্দুল হামীদ মাদানী*
আল-মাজমাআহ, সঊদী আরব
৫/৭/২০০৮

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com

# ১। আকীদা বিষয়ক প্রশ্নোত্তর বিভাগ

***১।  প্রাথমিক পর্যায়ের ফরয কাজ ৪টি কি কি?***

উত্তর ঃ- জ্ঞান-শিক্ষা করা, আমল করা, প্রচার করা ও এ সবে ধৈর্যধারণ করা।

***২।  শির্ক কয় প্রকার ও কি কি?***

উত্তর ঃ- ৩ প্রকার বড় শির্ক, ছোট শির্ক ও গুপ্ত শির্ক।

***৩।  মুর্তাদ কাকে বলে?***

উত্তর ঃ- মুর্তাদ (ধর্মত্যাগী) সেই, যে ব্যক্তি ইসলাম ধর্ম ত্যাগ করে বিধর্মী বা ধর্মহীন হয়ে যায়।

***৪।  মুনাফিকী কয় প্রকার?***

উত্তর ঃ- ২ প্রকার ঃ বিশ্বাসগত (বড়) মুনাফিকী ও কর্মগত (ছোট) মুনাফিকী।

***৫।  কর্মগত (ছোট) মুনাফিকীর নিদর্শন কয়টি?***

উত্তর ঃ- ৫টি ঃ মিথ্যা বলা, প্রতিশ্রুতি ভঙ্গ করা, চুক্তি ভঙ্গ করা, আমানতে খিয়ানত (বিনষ্ট) করা এবং বাদানুবাদ কালে অশ্লীল বলা।

***৬।  পাপ কয় প্রকার ও কি কি?***

উত্তর ঃ- পাপ সাধারণতঃ তিন প্রকার ঃ অতি মহাপাপ, মহাপাপ ও লঘু বা উপপাপ।

***৭।  আল্লাহর আকার আছে তার প্রমাণ কি?***

উত্তর ঃ- তাঁর চেহারা দেখা যাবে বেহেশতে। তাঁর কোন দৃষ্টান্ত ও উদাহরণ নেই।

***৮।  ঈমান তিনটি বিষয়ের সমষ্টির নাম। তা কি কি?***

উত্তর ঃ- অন্তরে বিশ্বাস করা, মুখে স্বীকার করা এবং কাজে পরিণত করা।

***৯।  বিপদে গায়রুল্লাহকে কখন ডাকা যাবে?***

উত্তর ঃ- গায়রুল্লাহকে বিপদে সাহায্যের আশায় ৩টি শর্তে ডাকা যাবে ঃ-
(ক) যাকে আহবান করা হয়, তাকে জীবিত হতে হবে। (খ) তাকে উপস্থিত থাকতে হবে। (গ) তার সাহায্য করার মত ক্ষমতা থাকতে হবে।

***১০। কিয়ামতে শাফাআত বা সুপারিশের শর্তাবলী কি কি?***

উত্তর ঃ- (ক) সুপারিশকারীর সুপারিশ করার ক্ষমতা থাকতে হবে। (খ) যার জন্য সুপারিশ করা হবে তাকে তৌহীদবাদী (শির্কহীন) মুসলিম হতে হবে। (গ) যার জন্য সুপারিশ করা হবে তার উপর আল্লাহর সন্তুষ্টি থাকতে হবে। (ঘ) সুপারিশকারীর জন্য আল্লাহর অনুমতি হতে হবে।

***১১। তাগূত কাকে বলে?***

উত্তর ঃ- প্রত্যেক সেই পূজ্যমান উপাস্য যে আল্লাহর পরিবর্তে পূজিত হয় এবং সে



তার এই পূজায় সম্মত থাকে অথবা আল্লাহ ও তদীয় রসূলের অবাধ্যতায় প্রত্যেক অনুসৃত বা মানিত ব্যক্তিকেই তাগূত বলা হয়।

***১২। প্রধান তাগূত পাঁচটি। তা কি কি?***

উত্তর ঃ- (ক) শয়তান। (খ) আল্লাহর বিধান বিকৃতকারী অত্যাচারী শাসক। (গ) আল্লাহর অবতীর্ণকৃত বিধান ছেড়ে অন্য বিধানানুসারে বিচারকর্তা শাসক। (ঘ) আল্লাহ ব্যতীত ইলমে গায়েবের দাবীদার। (ঙ) আল্লাহর পরিবর্তে যার পূজা করা ও যাকে (বিপদে) আহবান করা হয় এবং সে এতে সম্মত থাকে।

***১৩। দ্বীন এসেছে মানুষের পাঁচটি প্রয়োজনীয় জিনিস রক্ষা করতে। তা কি কি?***

উত্তর ঃ- জান, ঈমান, জ্ঞান, মান ও ধন।

***১৪। দ্বীনের পর্যায় কয়টি ও কি কি?***

উত্তর ঃ- ৩টি ঃ ঈমান, ইসলাম ও ইহসান।

***১৫। ইসলাম মানে কি?***

উত্তর ঃ- আত্মসমর্পণ।

***১৬। ঈমানের রুক্ন (খুঁটি) কয়টি ও কি কি?***

উত্তর ঃ- ছয়টি ঃ আল্লাহর প্রতি ঈমান, তাঁর ফিরিশ্তার প্রতি ঈমান, তাঁর অবতীর্ণ কিতাবসমূহের প্রতি ঈমান, তাঁর প্রেরিত নবী ও রসূলগণের প্রতি ঈমান, (মৃত্যুর পর আর এক জীবন) পরকালের প্রতি ঈমান এবং আল্লাহর লিখিত তকদীর ও ভাগ্যের ভালো-মন্দের প্রতি ঈমান।

***১৭। প্রধান প্রধান নবী-রসূল ৫ জন, তাঁরা কে কে?***

উত্তর ঃ- নূহ, ইব্রাহীম, মূসা, ঈসা ও মুহাম্মাদ। (আলাইহিমুস স্বালাতু অসসালাম)

***১৮। ইসলামের পর্যায়ক্রমিক রুক্ন (খুঁটি) পাঁচটি কি কি?***

উত্তর ঃ- কালেমা, নামায, যাকাত, রোযা ও হজ্জ।

***১৯। শরীয়তের বিধানসমূহের মান কয়টি ও কি কি?***

উত্তর ঃ- শরীয়তের বিধানের পাঁচটি মান ঃ-

(ক) ফরয বা ওয়াজেব ঃ যা পালন না করলে মহাপাপ হয়।
(খ) সুন্নত বা মুস্তাহাব ঃ যা পালন করলে সওয়াব হয় এবং না করলে গোনাহ হয় না।
(গ) মুবাহ, জায়েয বা বৈধ ঃ যা করা না করায় কোন পাপ-পুণ্য নেই।
(ঘ) মকরূহ বা অপছন্দনীয় ঃ যা না করলে সওয়াব হয় এবং করলে গোনাহ হয় না।
(ঙ) হারাম, নাজায়েয বা অবৈধ ঃ যা করলে মহাপাপ হয়।

***২০। বিদআত কাকে বলে?***

উত্তর ঃ- শরীয়ত মনে করে অথবা করতে হয় মনে করে করা অথবা করতে নেই মনে করে না করা প্রত্যেক সেই কাজ যা করা বা না করার উপর কোন দলীল নেই।

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com

***২১। কোন কাজ বিদআত হওয়ার দলীল কি?***
উত্তর ঃ- তার কোন দলীল নেই।

***২২। শরীয়তের দলীল কয়টি ও কি কি?***
উত্তর ঃ- পাঁচটি ঃ কুরআন (কিতাব), হাদীস (সুন্নাহ), ইজমা' (সর্ববাদিসম্মতি), কিয়াস (অনুমিতি) ও আষার (সাহাবীর উক্তি)।

***২৩। মানুষের নাফ্স (আত্মা) কয় প্রকার ও কি কি?***
উত্তর ঃ-তিন প্রকার; নাফসে মুত্বমাইন্নাহ, নাফসে আম্মারাহ ও নাফসে লাউওয়ামাহ।

***২৪। 'ইসলাম সকল মানুষকে সমান অধিকার দিয়েছে' কথাটি কি ঠিক?***
উত্তর ঃ- কথাটি ভুল। ঠিক কথা হল, ইসলাম প্রত্যেককে তার প্রাপ্য ও ন্যায়সঙ্গত অধিকার প্রদান করেছে।

***২৫। অসীলা ধরা শির্ক বা বিদআত। কোন্ অসীলা বৈধ?***
উত্তর ঃ- (ক) আল্লাহর গুণাবলীর অসীলা। (খ) স্বকৃত নেক আমলের অসীলা। (গ) জীবিত কোন নেক লোকের দুআর অসীলা।

***২৬। চারটি কাজ করলে ঈমানের মিষ্টতা পাওয়া যায়। তা কি কি?***
উত্তর ঃ- (ক) আল্লাহর ওয়াস্তে ভালোবাসা, (খ) আল্লাহর ওয়াস্তে ঘৃণা করা, (গ) আল্লাহর ওয়াস্তে দান করা এবং (ঘ) আল্লাহর ওয়াস্তে দান না করা।

***২৭। তওবার শর্তাবলী কি কি?***
উত্তর ঃ- (ক) তওবা হবে আন্তরিকভাবে একমাত্র আল্লাহর জন্য বিশুদ্ধ। (খ) সাথে সাথে পাপ বর্জন করতে হবে। (গ) বিগত (পাপের) উপর লাঞ্ছনা ও অনুশোচনা প্রকাশ করতে হবে। (ঘ) পুনরায় মরণ পর্যন্ত তার প্রতি না ফেরার দৃঢ় সঙ্কল্প করতে হবে। (ঙ) কোন মানুষের অধিকার হরণ করে পাপ করলে সে অধিকার আদায় করে তবে তওবা করতে হবে। (চ) তওবা কবুল হওয়ার নির্ধারিত সময়ে (মরণ নিকটবর্তী হওয়ার আগে এবং পশ্চিমাকাশে সূর্য উদয় হওয়ার পূর্বে) তওবা করতে হবে।

***২৮। তওহীদ কয় প্রকার ও কি কি?***
উত্তর ঃ- তিন প্রকার ঃ রবূবিয়্যাহ, উলূহিয়্যাহ ও আসমা অসিফাত।

***২৯। মক্কার কাফেররা কোন্ তাওহীদ মানত?***
উত্তর ঃ- তাওহীদুর রবূবিয়্যাহ।

***৩০। কোন্ তাওহীদের প্রতি সকল রসূল আহবান করেছেন এবং মুশরিকরা তা মেনে নিতে অস্বীকার করেছে?***
উত্তর ঃ- তাওহীদুল উলূহিয়্যাহ।

***৩১। কোন্ তাওহীদের জন্য আল্লাহর নবী ﷺ-কে যুদ্ধে নামতে হয়েছিল?***



উত্তর ঃ- তাওহীদুল উলূহিয়্যাহ।

***৩২। বিপদের সময় মুশরিকরা কাকে আহবান করত?***
উত্তর ঃ- আল্লাহকেই আহবান করত।

***৩৩। আল্লাহ কোথায় আছেন?***
উত্তর ঃ- সাত আসমানের উপর আরশে।

***৩৪। মহান আল্লাহর সবচেয়ে বড় সৃষ্টি কি?***
উত্তর ঃ- আল্লাহর আরশ।

***৩৫। কুরসী কি?***
উত্তর ঃ- আল্লাহর পা রাখার জায়গা।

***৩৬। মরণের পর ভালো লোকদের রূহ যে জায়গায় থাকে তার নাম কি?***
উত্তর ঃ- ইল্লিয়্যীন।

***৩৭। মরণের পর পাপীদের রূহ যেখানে থাকে তার নাম কি?***
উত্তর ঃ- সিজ্জীন।

***৩৮। কবরে এক ব্যক্তিকে মাথায় পাথর মেরে আযাব দেওয়া হচ্ছে। তার পাপ কি?***
উত্তর ঃ- কুরআনী ইল্ম থাকা সত্ত্বেও অবহেলা করে রাত্রে নিদ্রায় বিভোর থাকা এবং দিনে তার উপর আমল না করা অথবা ফরয নামায না পড়ে ঘুমিয়ে থাকা।

***৩৯। কেউ আত্মহত্যা করে মারা গেলে জাহান্নামে তার শাস্তি কি?***
উত্তর ঃ- যে জিনিস দিয়ে আত্মহত্যা করবে, সেই জিনিস দিয়ে আযাব ভোগ করবে।

***৪০। কিয়ামতের দিন হওয-কওসরের পানি কাদেরকে পান করতে দেওয়া হবে না?***
উত্তর ঃ- বিদআতীদেরকে।

***৪১। কিয়ামতের দিন মীযানে কি কি ওজন করা হবে?***
উত্তর ঃ- আমল, আমলনামা ও আমলকারী।

***৪২। অহংকারীদেরকে কিসের আকারে হাশর করা হবে?***
উত্তর ঃ- পিঁপড়ের আকারে।

***৪৩। কিয়ামতে কাদের গর্দান সবচেয়ে বেশি উঁচু হবে?***
উত্তর ঃ- মুআয্যিনদের।

***৪৪। কিয়ামতে নূরের মিম্বরে কারা উপবেশন করবে?***
উত্তর ঃ- ন্যায় বিচারকগণ।

***৪৫। কিয়ামতের দিন ৫০ হাজার বছরের সমান। মুমিনদের জন্য এ দিন কতদিনকার সমান হবে?***
উত্তর ঃ- যোহর ও আসরের মধ্যবর্তী সময়কাল সমান।

***৪৬। কিয়ামতে এক ব্যক্তির জন্য নবী ﷺ-এর সুপারিশ অনিবার্য হবে কার জন্য?***

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com

উত্তর ঃ- যে আযানের পর দরূদ পড়ে নির্দিষ্ট দুআ পড়ে।

*৪৭। কিয়ামতে আল্লাহর কি দেখে মুমিনগণ তাঁকে চিনতে পেরে সিজদা করবে এবং মুনাফেক বেনামাযীরা সিজদা করতে সক্ষম হবে না?*

উত্তর ঃ- পায়ের রলা দেখে।

*৪৮। গরীবরা ধনীদের কত বছর পূর্বে বেহেশ্ত প্রবেশ করবে?*

উত্তর ঃ- ৫০০ বছর পূর্বে।

*৪৯। জান্নাতের কক্ষ-অট্টালিকা সোনার। জান্নাতের পায়খানার প্যানও কি সোনার?*

উত্তর ঃ- জান্নাতে পায়খানা নেই।

*৫০। আল্লাহর আরশের নিচে কোন জান্নাত অবস্থিত?*

উত্তর ঃ- জান্নাতুল ফিরদাউস।

*৫১। আটটি জান্নাতের নাম বলুন।*

উত্তর ঃ- ফিরদাউস, আদ্ন, খুলদ, নায়ীম, মা'ওয়া, দারুস সালাম, দারুল মুকামা এবং রাইয়ান।

*৫২। জান্নাতের সবচেয়ে বেশি তৃপ্তিকর সুখ কি?*

উত্তর ঃ- আল্লাহর দীদার।

*৫৩। বেহেশ্তে দুটি পানির ঝর্না আছে, সে দুটির নাম কি?*

উত্তর ঃ- সালসাবীল ও তাসনীম।

*৫৪। একটি মহিলার একাধিক বিবাহ হয়ে থাকলে এবং সবাই বেহেশ্তে গেলে, সে কার স্ত্রী হবে?*

উত্তর ঃ- শেষ স্বামীর। যার বিবাহ-বন্ধনে থেকে মারা যাবে।

*৫৫। জান্নাতীদের দৈর্ঘ্য কত হবে, বয়স কত হবে?*

উত্তর ঃ- দৈর্ঘ্য ৬০ হাত, বয়স ৩০ বছর।

*৫৬। জাহান্নামের ৭টি বিভাগের নাম বলুন।*

উত্তর ঃ- জাহান্নাম, জাহীম, সায়ীর, সাকার, হুত্বামাহ, হাবিয়াহ ও লাযা।

*৫৭। জাহান্নামের সবচেয়ে হাল্কা আযাব কি?*

উত্তর ঃ- আগুনের এক জোড়া জুতা।

*৫৮। জাহান্নামের দারোগার নাম কি?*

উত্তর ঃ- মালেক।

*৫৯। জাহান্নামের সবচেয়ে হাল্কা আযাব কার হবে?*

উত্তর ঃ- নবী ﷺ-এর চাচা আবূ তালেবের।

*৬০। জাহান্নামে কাফেরের অবস্থান ক্ষেত্র কত বড় হবে?*

উত্তর ঃ- মক্কা ও মদীনার মধ্যবর্তী স্থান বরাবর। (অর্থাৎ ৪২৫ কিমিঃ।)



*৬১। জান্নাত ও জাহান্নামের অধিকাংশ অধিবাসী কারা?*

উত্তর ঃ- জান্নাতের অধিকাংশ অধিবাসী গরীব ও দুর্বল শ্রেণীর মানুষ এবং জাহান্নামের অধিকাংশ অধিবাসী নারী।

*৬২। জাহান্নামের তলদেশ থেকে উদ্গত একটি গাছ জাহান্নামীদের খাদ্য হবে। গাছটির নাম কি?*

উত্তর ঃ- যাক্কুম।

*৬৩। জাহান্নামে কিছু লোক নিজের নাড়ীভুঁড়ি বের করে তার চারপাশে ঘুরতে থাকবে। তারা কারা?*

উত্তর ঃ- বেআমল আলেমরা।

*৬৪। জাহান্নামের খালি জায়গা পূর্ণ হবে কি দিয়ে?*

উত্তর ঃ- আল্লাহর পা দিয়ে।

*৬৫। মৃত্যুকে যবেহ করা হবে, কোন্ সময়, কিসের আকারে?*

উত্তর ঃ- জান্নাতীরা জান্নাতে ও জাহান্নামীরা জাহান্নামে স্থায়ী হওয়ার পর ভেড়ার আকারে মৃত্যুকে যবেহ করা হবে।

*৬৬। এক নবী এক ফিরিশ্তাকে থাপ্পড় মেরে চোখ বের করে দিয়েছিলেন। সেই নবীর নাম ও সেই ফিরিশ্তার নাম কি?*

উত্তর ঃ- মূসা নবী, মালাকুল মাওত ফিরিশ্তা।

*৬৭। ঈমানের সবচেয়ে ছোট শাখাটি কি?*

উত্তর ঃ- রাস্তা থেকে কষ্টদায়ক বস্তু দূর করা।

*৬৮। আল্লাহ আকাশ থেকে বৃষ্টি বর্ষণ করেন, রুযী দেন, আমাদের রোগ ভালো করেন। এ বিশ্বাস কোন্ তাওহীদের পর্যায়ভুক্ত?*

উত্তর ঃ- তাওহীদুর রবূবিয়্যাহ।

*৬৯। এ পৃথিবীতে শির্ক সংঘটিত হওয়ার প্রধান কারণ কি?*

উত্তর ঃ- নেক লোকদের ব্যাপারে অতিরঞ্জন।

*৭০। মাযার পূজা কোন্ তাওহীদ বিরোধী?*

উত্তর ঃ- তাওহীদুল উলূহিয়্যাহ।

*৭১। আল্লাহর যে সিফাত সম্বন্ধে কুরআন-হাদীসে বর্ণনা আসেনি, তার ব্যাপারে জিজ্ঞাসিত হলে কি বলতে হয়?*

উত্তর ঃ- জানি না। আল্লাহই জানেন।

*৭২। আপনার তকদীর কখন কখন লেখা হয়েছে?*

উত্তর ঃ- বিশ্ব সৃষ্টির ৫০ হাজার বছর পূর্বে, তারপর মায়ের পেটে এবং প্রত্যেক বছর শবেকদরে।

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com

***৭৩। কোন্ শ্রেণীর তাবীয ব্যবহার করা শির্ক নয়, তবে তা অবৈধ?***
উত্তর ঃ- কুরআনের আয়াত দ্বারা লিখিত তাবীয।

***৭৪। কোন্ কোন্ শহরে মারা গেলে কবরের আযাব মাফ?***
উত্তর ঃ- কোন শহরে না।

***৭৫। সাহাবীর সংজ্ঞা কি?***
উত্তর ঃ- যিনি ঈমানের অবস্থায় নবী ﷺ-এর সাহচর্য পেয়েছেন এবং ঈমানের অবস্থায় মৃত্যুবরণ করেছেন তিনি সাহাবী।

***৭৬। ইয়াহুদীদের ধ্বংসের আগে তাদের সর্বশেষ এবং সর্বমহান নেতার নাম কি?***
উত্তর ঃ- দাজ্জাল।

***৭৭। সব গাছ ইয়াহুদীকে হত্যা করতে বলবে একটি গাছ বলবে না, সে গাছের নাম কি?***
উত্তর ঃ- গারক্বাদ।

***৭৮। বান্দার উপর আল্লাহর অধিকার কি?***
উত্তর ঃ- বান্দা শির্ক করবে না।

***৭৯। আল্লাহর উপর বান্দার অধিকার কি?***
উত্তর ঃ- শির্ক না করলে আল্লাহ বান্দাকে বেহেশ্ত দান করবেন।

***৮০। আরবের লোকেরা ইব্রাহীম ﷵ-এর দ্বীনের উপর প্রতিষ্ঠিত ছিল। অতঃপর এক ব্যক্তি এসে তাদের সত্য দ্বীনের পরিবর্তন ঘটালো। সেই লোকটির নাম কি?***
উত্তর ঃ- আম্র বিন লুহাই।

***৮১। মক্কার মুশরিকরা কোন অজুহাতে গায়রুল্লাহর ইবাদত করত?***
উত্তর ঃ- পূজনীয় তাদের মাধ্যম ও সুপারিশকারী হবে।

***৮২। পাপী মানুষ পাপের ফলস্বরূপ দুঃখ ভোগ করে, কিন্তু দ্বীনদার মানুষ দুঃখ পায় কেন?***
উত্তর ঃ- আল্লাহ ভালোবাসেন বলে, পাপ মাফ করাবার জন্য, মর্যাদা বাড়ানোর জন্য।

***৮৩। আল্লাহ প্রত্যেক জিনিসকেই প্রথমে ছোট আকারে সৃষ্টি করেন, অতঃপর তা ধীরে ধীরে বড় হয়। কিন্তু কোন্ জিনিস তিনি এরূপ সৃষ্টি করেছেন যে, প্রথমে তা বড় থাকে, তারপর তা ধীরে ধীরে ছোট হয়ে যায়?***
উত্তর ঃ- মুসীবত।

***৮৪। ধৈর্য কয় প্রকার ও কি কি?***
উত্তর ঃ- তিন প্রকার ঃ তকদীরের বালা-মসীবতে ধৈর্য, আল্লাহর আদেশ পালনে ধৈর্য ও তাঁর নিষেধ পালনে ধৈর্য।



***৮৫। আল্লাহর নবী গায়েব জানতেন না। তার একটি দলীল উল্লেখ করুন।***
উত্তর ঃ- তাঁর স্ত্রীর চরিত্রে কলঙ্ক দেওয়া হলে তাঁর মন খারাপ হয়েছিল।

***৮৬। আপনি মদীনায় যাবেন কি উদ্দেশ্যে?***
উত্তর ঃ- মসজিদে নববীর যিয়ারত উদ্দেশ্যে। (নবী ﷺ-এর কবর যিয়ারতের উদ্দেশ্যে নয়।)

***৮৭। কিয়ামতের দিন সূর্য মানুষের কতটা নিকটবর্তী হবে?***
উত্তর ঃ- এক মাইল বরাবর।

***৮৮। কিয়ামতের দিন রোদের তাপে মানুষের এত ঘাম হবে যে কারো নাক বরাবর, কারো হাঁটু বরাবর আবার কারো কোমর বরাবর হবে। কিন্তু মাটির নিচে কতদূর পৌঁছবে?***
উত্তর ঃ- সত্তর হাত।

***৮৯। মানুষের কোন্ অংশ নিয়ে আল্লাহ তাকে আবার জীবিত করবেন?***
উত্তর ঃ- মেরুদণ্ডের সর্বনিম্নের একটি ছোট্ট হাড় নিয়ে।

***৯০। আল্লাহর রসূলের যামানায় ঘড়ি ছিল না। তবুও ঘড়ি পরা বিদআত নয় কেন?***
উত্তর ঃ- যেহেতু তা শরীয়তের বিষয় নয়।

***৯১। চারটি আসমানী কিতাবের নাম কি?***
উত্তর ঃ- কুরআন, যবূর, তাওরাত ও ইঞ্জীল।

***৯২। কিয়ামত কোন্ দিনে সংঘটিত হবে?***
উত্তর ঃ- শুক্রবারে।

***৯৩। কিয়ামতের বড় বড় ৩টি নিদর্শন বলুন।***
উত্তর ঃ- দাজ্জালের আগমন, ঈসা নবীর আগমন, পশ্চিম দিক থেকে সূর্য উদয়।

***৯৪। কোন্ মযহাবের লোক আবু বাক্র, উমার ও উষমান ﷺ-কে কাফের বলে?***
উত্তর ঃ- শিয়া।

***৯৫। নবী ও রসূলের মধ্যে পার্থক্য কি?***
উত্তর ঃ- রসূলের কাছে নতুন শরীয়ত এসেছে, নবীর কাছে নয়।

***৯৬। মু’জিযা বা কারামত ও যাদুর মাঝে পার্থক্য কি?***
উত্তর ঃ- মু’জিযা বা কারামত ইচ্ছামত দেখানো যায় না, তা আল্লাহর ইচ্ছায় ঘটে। কিন্তু যাদু ইচ্ছা করলেই যাদুকর দেখাতে পারে। তাছাড়া প্রথমটি রহমানী ও দ্বিতীয়টি শয়তানী কারসাজি।

***৯৭। কুরআনের শপথ নেওয়া যায় কেন?***
উত্তর ঃ- যেহেতু কুরআন কোন সৃষ্টি নয়; কুরআন আল্লাহর বাণী।

***৯৮। সবশেষে ঈসা নবী আসবেন, তাহলে মুহাম্মাদ ﷺ-কে সর্বশেষ নবী বলা হল কেন?***

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com

উত্তর ঃ- যেহেতু ঈসা ﷺ শেষনবীর উম্মত হয়ে আসবেন; নবী হয়ে নয়।

***৯৯। আযানের দুআয় আমরা মহানবী ﷺ-এর জন্য 'অসীলাহ' চাই? তার অর্থ কি?***

উত্তর ঃ- জান্নাতের এক সুউচ্চ স্থান।

***১০০। মহানবী ﷺ আমাদের মত মানুষ। কিন্তু তাঁর অতিমানুষের কিছু বৈশিষ্ট্য বলুন।***

উত্তর ঃ- তিনি নামাযে সামনে যেমন দেখতেন, পিছনেও তেমনি দেখতেন। তাঁর দেহের ঘাম আতর ছিল। তাঁর অন্তর সদাজাগ্রত থাকত। তিনি একাদিক্রমে ইফতার না করে রোযা রাখতে পারতেন। তাঁর কাছে অহী করা হত। শয়তান তাঁর আকৃতি ধারণ করতে পারে না। তাঁর ব্যবহৃত সকল জিনিস ছিল বর্কতময়।

***১০১। কুরআনে আছে, মায়ের পেটে কি বাচ্চা আছে তা আল্লাহ ছাড়া কেউ জানে না। বর্তমানে যন্ত্র দ্বারা তা দেখা যায়, তাহলে?***

উত্তর ঃ- কুরআনের কথা সত্য। গায়বী খবর; যা বিনা কোন মাধ্যমে জানা বা বলা হয়, যন্ত্রের মাধ্যম নিয়ে বলা গায়েব বলা নয়।

***১০২। বায়তুল মা'মূর কি?***

উত্তর ঃ- সপ্তম আসমানে ফিরিশ্তাগণের উপাসনালয়।

***১০৩। মি'রাজ মহানবী ﷺ-এর সশরীরে হয়েছিল তার বড় প্রমাণ কি?***

উত্তর ঃ- কাফেরদের অস্বীকার।

***১০৪। কোন্ শির্ক নেককার পরেহেযগার বা সৎলোকদের দ্বারা হওয়ার সম্ভাবনা বেশী?***

উত্তর ঃ- ছোট শির্ক রিয়া।

***১০৫। আল্লাহ ছাড়া আর কারো জন্য সিজদা বৈধ নয়। বৈধ হলে কে কার সিজদা পাওয়ার যোগ্য ছিল?***

উত্তর ঃ- স্বামী যোগ্য ছিল স্ত্রীর সিজদা পাওয়ার।

***১০৬। কোন্ ব্যক্তির মরণ মুনাফেকীর উপর হয়?***

উত্তর ঃ- যে ব্যক্তি জিহাদের নিয়ত না রেখে মারা যায়।

## ২। কুরআন বিষয়ক প্রশ্নোত্তর বিভাগ

***১০৭। অবতীর্ণ কুরআনের সর্বপ্রথম আদেশ কি?***

উত্তর ঃ- পড়।

***১০৮। কুরআনে মানুষকে আল্লাহ তাআলার প্রথম আদেশ কি?***

উত্তর ঃ- আল্লাহর ইবাদত কর।

***১০৯। কুরআনে মানুষকে আল্লাহ তাআলার প্রথম নিষেধ কি?***



উত্তর ঃ- শির্ক করো না।

***১১০। কোন্ সূরা ৩ বার পাঠ করলে একবার কুরআন খতম করার সওয়াব হয়?***

উত্তর ঃ- সূরা ইখলাস।

***১১১। কোন্ সূরা ৪ বার পাঠ করলে একবার কুরআন খতম করার সওয়াব হয়?***

উত্তর ঃ- সূরা কাফিরূন।

***১১২। কোন্ সূরা দশবার পড়লে বেহেশ্তে একটি মহল তৈরী করা হয়?***

উত্তর ঃ- সূরা ইখলাস।

***১১৩। কোন্ সূরা পাঠ করলে ঘর হতে শয়তান পলায়ন করে?***

উত্তর ঃ- সূরা বাক্বারাহ।

***১১৪। কুরআনের প্রথম আয়াত কোথায় অবতীর্ণ হয়েছে?***

উত্তর ঃ- মক্কায় নূর পাহাড়ের হিরা গুহায়।

***১১৫। কুরআনের শেষ আয়াত কোথায় অবতীর্ণ হয়েছে?***

উত্তর ঃ- মদীনায়।

***১১৬। মোট কত বছরে কুরআন অবতীর্ণ হয়েছে?***

উত্তর ঃ- তেইশ বছরে।

***১১৭। কোন্ সূরা পড়লে কবরের আযাব মাফ হয়?***

উত্তর ঃ- সূরা মুল্ক।

***১১৮। সর্বপ্রথম বাংলা ভাষায় পূর্ণাঙ্গ কুরআন অনুবাদ করেন কে?***

উত্তর ঃ- একজন অমুসলিম, গিরিশচন্দ্র সেন।

***১১৯। কুরআনের তিনটি নাম উল্লেখ করুন।***

উত্তর ঃ- ফুরকান, হুদা, কিতাব।

***১২০। মাদানী আয়াত বা সূরা কাকে বলে?***

উত্তর ঃ- যা হিজরতের পর অবতীর্ণ হয়েছে; মক্কায় অবতীর্ণ হলেও তা মাদানী আয়াত।

***১২১। আল-কুরআনের মোট সিজদায়ে তিলাঅত কয়টি?***

উত্তর ঃ- ১৫টি।

***১২২। কোন্ সূরায় ডবল তেলাঅতের সিজদা আছে?***

উত্তর ঃ- সূরা হাজ্জে।

***১২৩। ত্রিশ পারার বাইরে কুরআনের কোন অংশ আছে কি?***

উত্তর ঃ- সূরা ফাতিহা কুরআনের ভূমিকা আছে।

***১২৪। কুরআন কারীমের আকারে সবচেয়ে বড় সূরা কোন্‌টি?***

উত্তর ঃ- সূরা বাক্বারাহ।

***১২৫। কুরআন কারীমের মর্যাদায় সবচেয়ে বড় সূরা কোন্‌টি?***

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com

উত্তর ঃ- সূরা ফাতিহাহ।

**১২৬। *কুরআন কারীমের আকারে সবচেয়ে বড় আয়াত কোন্‌টি?***

উত্তর ঃ- সূরা বাক্বারার ২৮২নং আয়াত।

**১২৭। *কুরআন কারীমের মর্যাদায় সবচেয়ে বড় আয়াত কোন্‌টি?***

উত্তর ঃ- সূরা বাক্বারার ২৫৫নং আয়াত (আয়াতুল কুরসী)।

**১২৮। *কুরআন কারীমের আকারে সবচেয়ে ছোট সূরা কোন্‌টি?***

উত্তর ঃ- সূরা কাউসার।

**১২৯। *কুরআন কারীমের আকারে সবচেয়ে ছোট আয়াত কোন্‌টি?***

উত্তর ঃ- সূরা ত্বাহার প্রথম আয়াত।

**১৩০। *কুরআন কারীমের সর্বপ্রথম অবতীর্ণ সূরা কোন্‌টি?***

উত্তর ঃ- সূরা ফাতিহাহ।

**১৩১। *কুরআন কারীমের সর্বপ্রথম অবতীর্ণ আয়াত কোন্‌টি?***

উত্তর ঃ- সূরা আলাক্বের প্রথম ৫ আয়াত।

**১৩২। *কুরআন কারীমের সর্বশেষ অবতীর্ণ সূরা কোন্‌টি?***

উত্তর ঃ- সূরা নাস্‌র।

**১৩৩। *কুরআন কারীমের সর্বশেষ অবতীর্ণ আয়াত কোন্‌টি?***

উত্তর ঃ- সূরা বাক্বারার ২৮১নং আয়াত।

**১৩৪। *কুরআন কারীমে মোট ১১৪টি সূরায় কয়টি 'বিসমিল্লাহির রাহমানির রাহীম' আছে?***

উত্তর ঃ- ১১৪টি।

**১৩৫। *কোন সূরায় 'বিসমিল্লাহির রাহমানির রাহীম' নেই?***

উত্তর ঃ- সূরা তাওবার প্রথমে 'বিসমিল্লাহ---' নেই।

**১৩৬। *কোন্‌ সূরায় ডবল 'বিসমিল্লাহির রাহমানির রাহীম' আছে?***

উত্তর ঃ- সূরা নাম্‌লের শুরুতে এবং মাঝে এক স্থানে মোট ২টি 'বিস্‌মিল্লাহ---' আছে।

**১৩৭। *কোন্‌ সূরাটি দু'টি ফলের নাম দিয়ে শুরু হয়েছে?***

উত্তর ঃ- সূরা তীন।

**১৩৮। *কুরআন মাজীদে মোট কয়জন নবীর নাম উল্লেখ হয়েছে?***

উত্তর ঃ- ২৫ জন।

**১৩৯। *কোন্‌ নবীর নাম সবচেয়ে বেশী উল্লেখ হয়েছে? মূসা ﷺ-এর।***

**১৪০। *আল-কুরআনে মহানবী ﷺ-এর 'মুহাম্মাদ' নাম উল্লেখ হয়েছে কতবার?***

উত্তর ঃ- ৪ বার।



**১৪১। *আল-কুরআনে 'আহমাদ' নাম উল্লেখ হয়েছে কতবার?***

উত্তর ঃ- ১বার।

**১৪২। *সাহাবার মধ্যে কার নাম উল্লেখ হয়েছে?***

উত্তর ঃ- কেবল যায়দ ﷺ-এর নাম।

**১৪৩। *মহিলাদের মধ্যে কার নাম উল্লেখ হয়েছে?***

উত্তর ঃ- কেবল মারয়্যামের নাম।

**১৪৪। *মাসের মধ্যে কোন্‌ মাসের নাম উল্লেখ হয়েছে?***

উত্তর ঃ- রমযান মাসের নাম।

**১৪৫। *কুরআনে কার উপনাম ব্যবহার করা হয়েছে?***

উত্তর ঃ- আবূ লাহাবের। তার আসল নাম আব্দুল উযযা।

**১৪৬। *কোন্‌ সূরাতে 'আল্লাহ' নামটি উল্লেখ হয়নি?***

উত্তর ঃ- সূরা ক্বামার, রহমান ও ওয়াক্বিআহ পরপর ৩টি সূরাতেই 'আল্লাহ' শব্দ উল্লেখ হয়নি।

**১৪৭। *কোন্‌ সূরার প্রত্যেক আয়াতে 'আল্লাহ' নামটি উল্লেখ হয়েছে?***

উত্তর ঃ- সূরা মুজাদালার প্রত্যেক আয়াতে তা উল্লেখ হয়েছে।

**১৪৮। *কোন্‌ সূরার অপর নাম 'সূরা ক্বিতাল'?***

উত্তর ঃ- সূরা মুহাম্মাদ।

**১৪৯। *কোন্‌ সূরাকে সূরা 'নবী' বলা হয়?***

উত্তর ঃ- সূরা তাহরীমকে।

**১৫০। *কোন্‌ সূরার অপর নাম 'সূরা ইসরা'?***

উত্তর ঃ- সূরা বানী ইস্রাঈল।

**১৫১। *কোন্‌ সূরার অপর নাম 'সূরা গাফের'?***

উত্তর ঃ- সূরা মু'মিন।

**১৫২। *কোন্‌ সূরার অপর নাম 'সূরাতুন নিসা আস্‌সুগরা'?***

উত্তর ঃ- সূরা ত্বালাক্ব।

**১৫৩। *কোন্‌ সূরার অপর নাম 'সূরা ইনসান'?***

উত্তর ঃ- সূরা দাহ্‌র।

**১৫৪। *কোন্‌ সূরার অপর নাম 'সূরা ফুস্‌সিলাত'?***

উত্তর ঃ- সূরা হা-মীম সাজদাহ।

**১৫৫। *কুরআন মাজীদের অর্ধাংশ কি?***

উত্তর ঃ- সূরা কাহফের ১৯নং আয়াতের وَلْيَتَلَطَّفْ শব্দ।

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com

**১৫৬। কুরআন মাজীদের দু'টি আয়াতে আরবী ভাষার মোট ২৮টি অক্ষরের সবগুলিই ব্যবহার হয়েছে; কোন্ সূরার কত নং আয়াতে?**

উত্তর ঃ- সূরা আলে ইমরানের ১৫৪নং এবং সূরা ফাত্হের ২৯নং আয়াতে।

**১৫৭। যারা না জেনেও মনে করে বা বলে আমরা অনেক জানি, আর শেখার দরকার নেই, তাদের হৃদয় কাদের মত?**

উত্তর ঃ- ইহুদীদের মত।

**১৫৮। সূরা ফাতিহার শেষে ক্রোধভাজন ও ভ্রষ্ট কারা?**

উত্তর ঃ- ইয়াহুদী ও খ্রিষ্টানরা।

**১৫৯। যারা উপদেশ শুনে মুখ ফিরিয়ে নেয়, ওয়ায-মাহফিলের কথা শুনে নাক সিঁটকিয়ে দূরে সরে যায়, কুরআনে তাদের উপমা কোন্ পশুর মত?**

উত্তর ঃ- চকা গাধার মত।

**১৬০। যারা কিতাব পড়ে অথচ আমল করে না, কুরআনে তাদের উপমা কি?**

উত্তর ঃ- বোঝা বহনকারী গাধা, হাঁপাতে থাকা কুকুর।

**১৬১। যারা আল্লাহর যিক্র, কুরআন ও দ্বীন শিক্ষা থেকে মুখ ফিরিয়ে নেয়, কুরআনে তাদের জন্য রয়েছে দুটি শাস্তি; একটি দুনিয়াতে এবং অপরটি কিয়ামতে। তা কি কি?**

উত্তর ঃ- দুনিয়াতে সংকীর্ণতাময় জীবন এবং আখেরাতে কানা হয়ে হাশর।

**১৬২। কোন্ সময় ১ রাকআত নামায পড়লে ৩০ হাজার রাকআত অপেক্ষা বেশী নামায পড়া হয়?**

উত্তর ঃ- শবেকদরে।

**১৬৩। এ দুনিয়াতে আপনার জন্য আল্লাহর সবচেয়ে বড় নিয়ামত কি?**

উত্তর ঃ- ইসলাম।

**১৬৪। আল-কুরআনে ঘোষিত সবচেয়ে শ্রেষ্ঠ ব্যক্তি কোন্ ব্যক্তি?**

উত্তর ঃ- যে আল্লাহর দিকে মানুষকে আহবান করে।

**১৬৫। কোন্ সূরার জন্য ইমাম শাফেয়ী বলেন যে, তা ছাড়া কুরআনের অন্য সূরা নাযিল না হলে যথেষ্ট ছিল?**

উত্তর ঃ- সূরা আস্র।

**১৬৬। দাড়ি রাখা সকল আম্বিয়া ও মুমিনদের তরীকা। কুরআন মাজীদে এক নবীর দাড়ির কথা উল্লেখ হয়েছে। তিনি কোন্ নবী?**

উত্তর ঃ- হারূন নবী।

**১৬৭। তিন টাইমে শিশুরাও রুমে প্রবেশ করতে অনুমতি নেবে; কোন্ কোন্ টাইমে?**

উত্তর ঃ- ফজরের আগে, যোহরে আরামের সময় ও এশার পর।



**১৬৮। প্রসিদ্ধ ৫টি তফসীরের নাম বলুন।**

উত্তর ঃ- তফসীর ইবনে কাসীর, ফাতহুল ক্বাদীর, ত্বাবারী, কুরতুবী, বাগাবী।

**১৬৯। আল্লাহর নবীর সবচেয়ে বড় ও চিরন্তন মু'জিযা কি?**

উত্তর ঃ- আল-কুরআন।

**১৭০। মুজাদিলাহ একটি সূরার নাম। এর অর্থ ঃ বিতর্ককারিণী। তিনি কোন্ মহিলা ছিলেন?**

উত্তর ঃ- খাওলাহ বিন্তে সা'লাবাহ।

**১৭১। কুরআন কারীমে কাফেরের উদাহরণ কি, যে ইসলামের আহবান শোনে না?**

উত্তর ঃ- কবরবাসী।

**১৭২। দান ও তার প্রতিদানের উদাহরণ কি?**

উত্তর ঃ- একটি বীজের মত, যে সাতটি শীষ উৎপন্ন করে এবং প্রত্যেক শীষে ১০০টি শস্য থাকে।

**১৭৩। জ্ঞানী-মূর্খ বা শিক্ষিত-অশিক্ষিতের উদাহরণ কি?**

উত্তর ঃ- চক্ষুষ্মান ও অন্ধ, আলো ও অন্ধকার।

**১৭৪। সুনাম নেওয়ার উদ্দেশ্যে দান করার উদাহরণ কি?**

উত্তর ঃ- শক্ত পাথরের মত যার উপর কিছু মাটি থাকে, অতঃপর তার উপর প্রবল বৃষ্টিপাত তাকে মসৃণ করে রেখে দেয়।

**১৭৫। আল্লাহর সন্তুষ্টিলাভের উদ্দেশ্যে দানের উদাহরণ কি?**

উত্তর ঃ- একটি বাগান, যাতে মুষলধারে বৃষ্টি হয়, ফলে তার ফল-মূল দ্বিগুণ জন্মে।

**১৭৬। অবিশ্বাসীরা সূদকে কার মত মনে করে?**

উত্তর ঃ- ব্যবসার মত।

**১৭৭। ঈসা عليه السلام-এর জন্মের উদাহরণ কি?**

উত্তর ঃ- আদমের জন্ম।

**১৭৮। পার্থিব জীবনের উদাহরণ কি?**

উত্তর ঃ- বৃষ্টি বর্ষণের পর সবুজ ঘাসের মত, যা ধীরে ধীরে হলুদ হয়ে খড়-কুটায় পরিণত হয়।

**১৭৯। কালেমা ত্বাইয়েবার উদাহরণ কি?**

উত্তর ঃ- বারোমেসে ফলের বিশাল গাছ, যার মূল সুদৃঢ় ও শাখা-প্রশাখা আকাশে বিস্তৃত।

**১৮০। আল্লাহ ছাড়া অন্য উপাস্য গ্রহণ করার উদাহরণ কি?**

উত্তর ঃ- মাকড়সার জাল।

**১৮১। পুনরুত্থানের উদাহরণ কি?**

উত্তর ঃ- শুকনো যমীনে বৃষ্টির পর ঘাস গজানোর মত।

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com

***১৮২। আল্লাহর নূরের উদাহরণ কি?***
উত্তর ঃ- তাকের ভিতর কাঁচের প্রদীপের মত।

***১৮৩। শয়তানের মাথার উদাহরণ কিসের?***
উত্তর ঃ- যাক্কুম গাছের।

***১৮৪। প্রবাল-পদ্মরাগ স্বরূপ কাদের জন্য বলা হয়েছে?***
উত্তর ঃ- বেহেশ্তী স্ত্রীদের জন্য।

***১৮৫। সুরক্ষিত মুক্তা সদৃশ কারা?***
উত্তর ঃ- গেলেমান (বেহেশ্তী সেবক কিশোররা)।

***১৮৬। কবর থেকে পুনর্জীবিত হয়ে উঠে কিয়ামতে জমায়েত হওয়ার উদাহরণ কি?***
উত্তর ঃ- বিক্ষিপ্ত পতঙ্গের ন্যায়।

***১৮৭। হলুদ বরণ উটের মত উদাহরণ কিসের?***
উত্তর ঃ- জাহান্নামের অগ্নিস্ফুলিঙ্গের।

***১৮৮। স্বামী-স্ত্রীর উদাহরণ কি?***
উত্তর ঃ- এক অপরের লেবাস।

***১৮৯। যারা চোখ থাকতে ভালো জিনিস দেখে না, কান থাকতে ভালো কথা শোনে না এবং হৃদয় থাকতে বুঝে না, তাদের উদাহরণ কি?***
উত্তর ঃ- চতুষ্পদ জন্তু।

***১৯০। কোন্ দেশের আইনে চুরির শাস্তিতে চোরকে দাস বানানো হতো?***
উত্তর ঃ- মিসরের আইনে ইউসুফ ﷺ-এর যুগে।

***১৯১। আরবের একটি রাষ্ট্রের নাম ৪ বার কুরআনে উল্লিখিত হয়েছে। কোন্টি?***
উত্তর ঃ- মিসর।

***১৯২। জাহান্নামের ফিরিশ্তা কয় জন?***
উত্তর ঃ- ১৯ জন।

***১৯৩। সর্বপ্রথম কুরআন মাজীদ ছাপা হয় কোথায়?***
উত্তর ঃ- ইটালিতে।

## ৩। হাদীস বিষয়ক প্রশ্নোত্তর বিভাগ

***১৯৪। হাদীস কাকে বলে?***
উত্তর ঃ- মহানবী ﷺ-এর কথা, কাজ, মৌনসম্মতি তথা জীবন-চরিতকে হাদীস বলে।

***১৯৫। হাদীসের আমীরুল মুমেনীন কে?***
উত্তর ঃ- ইমাম বুখারী।



***১৯৬। সবচেয়ে বেশী হাদীস বর্ণনা করেছেন কোন্ সাহাবী?***
উত্তর ঃ- আবূ হুরাইরা।

***১৯৭। এ উম্মতের মধ্যে আল্লাহর রসূল -এর সমস্ত হাদীস কে জানতেন বা জানেন?***
উত্তর ঃ- কেউ না।

***১৯৮। প্রসিদ্ধ ১০টি হাদীস গ্রন্থের নাম করুন।***
উত্তর ঃ- বুখারী, মুসলিম, আবূ দাউদ, তিরমিযী, নাসাঈ, ইবনে মাজাহ, মুঅত্তা, মুসনাদে আহমাদ, মু'জামে ত্বাবরানী, ইবনে হিব্বান।

***১৯৯। হাদীসের প্রসিদ্ধ ৬টি গ্রন্থকে সঠিকার্থে এক কথায় কি বলা হয়?***
উত্তর ঃ- কুতুবে সিত্তাহ। ('সিহাহ সিত্তা' কথাটি ভুল।)

***২০০। হাদীসের উপর আমল কখন ওয়াজেব হয়?***
উত্তর ঃ- যখন জানা যায় যে, হাদীস সহীহ, তার অর্থ স্পষ্ট এবং তা রহিত নয়।

***২০১। যালেমকে সাহায্য করবেন কিভাবে?***
উত্তর ঃ- যুলুম করতে না দিয়ে।

***২০২। তওবা করলে আল্লাহ কেমন খুশী হন?***
উত্তর ঃ- যেমন মরুভূমিতে হারানো উট-ওয়ালা উট ফিরে পেয়ে খুশীতে বলে, আল্লাহ তুমি আমার বান্দা, আমি তোমার রব। তার থেকেও বেশী খুশী হন আল্লাহ।

***২০৩। শয়তান তার চেলাদের নিকট সারাদিনের কাজের হিসাব নেয়। শয়তানের কাছে সবচেয়ে বড় কাজ কোন্টি যার কথা শুনে সিংহাসন ছেড়ে উঠে সেই কাজের কাজীকে কোলে তুলে নেয়?***
উত্তর ঃ- স্বামী-স্ত্রীর মাঝে বিচ্ছেদ সাধন।

***২০৪। মসজিদে কুবার যিয়ারত ও তাতে নামায পড়ার ফযীলত কি?***
উত্তর ঃ- একটি উমরাহ করার সমান সওয়াব।

***২০৫। ফজরের সুন্নতের ফযীলত কি?***
উত্তর ঃ- দুনিয়া ও তার মধ্যে যা কিছু আছে, সবার থেকে শ্রেষ্ঠ।

***২০৬। এক কথায় মহানবী ﷺ-এর চরিত্র কিরূপ ছিল?***
উত্তর ঃ- আল-কুরআন।

***২০৭। বাড়ির সম্মুখভাগকে অপরিষ্কার করে রাখা কোন মুসলিমের কাজ নয়। সে কাজ কাদের?***
উত্তর ঃ- ইয়াহুদীদের।

***২০৮। বাড়িতে কি থাকলে (রহমতের) ফিরিশ্তা প্রবেশ করে না?***
উত্তর ঃ- কুকুর ও মূর্তি বা প্রাণীর ছবি।

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com

**২০৯। প্রত্যেক উম্মতী ক্ষমার্হ; কিন্তু কারা ক্ষমার্হ নয়?**
উত্তর ঃ- যারা প্রকাশ্যে পাপ করে অথবা পাপ ক'রে প্রকাশ করে।

**২১০। যে ঘরে আল্লাহর যিক্র করা হয় এবং যে ঘরে আল্লাহর যিক্র হয় না, উভয়ের উদাহরণ কি?**
উত্তর ঃ- জীবিত ও মৃত।

**২১১। ভালো কাজের নিয়ত করে তা না করতে পারলে কয়টি সওয়াব লেখা হয়?**
উত্তর ঃ- একটি।

**২১২। খারাপ কাজের নিয়ত করে তা না করলে কয়টি গোনাহ লেখা হয়?**
উত্তর ঃ- আল্লাহর ভয়ে না করলে একটি নেকী লেখা হয়।

**২১৩। মানুষের কোন্ অঙ্গ তাকে বেশী জাহান্নামে নিয়ে যাবে?**
উত্তর ঃ- জিহ্বা ও যৌনাঙ্গ।

**২১৪। পৃথিবীর সব কিছুই সুখ ও উপভোগের জিনিস। তার মধ্যে সবচেয়ে শ্রেষ্ঠ জিনিসটি কি?**
উত্তর ঃ- পুণ্যময়ী স্ত্রী।

**২১৫। জাহান্নামের আগুনের রঙ কি?**
উত্তর ঃ- কালো।

**২১৬। গণককে ভাগ্য জিজ্ঞাসা করলে কি ধরনের ক্ষতি হবে?**
উত্তর ঃ- ৪০ দিনের নামায কবুল হবে না।

**২১৭। কেউ তার মনে জিহাদের নিয়ত না রেখে মারা গেলে, তার মরণ কার মরণ?**
উত্তর ঃ- এক প্রকার মুনাফিকের।

**২১৮। উপার্জনের বহু পথ আছে, তার মধ্যে সবচেয়ে উত্তম পথ, শ্রেষ্ঠ রুযী ও হালাল উপার্জন কোন্‌টি?**
উত্তর ঃ- নিজের হাতের উপার্জন।

**২১৯। দেহের মধ্যে এমন একটি পিন্ড আছে, যা ভালো হলে সব ভালো, খারাপ হলে সব খারাপ। সে পিন্ডের নাম কি?**
উত্তর ঃ- হৃৎপিণ্ড।

**২২০। মুনাফিকের জন্য কোন্ কোন্ নামায বেশী ভারী?**
উত্তর ঃ- এশা ও ফজরের।

**২২১। পাঁচ ওয়াক্ত নামায, এক জুমআহ থেকে পরবর্তী জুমআহ, এক রমযান থেকে পরবর্তী রমযান -এর মধ্যবর্তীকালে সংঘটিত পাপসমূহের কাফফারা (প্রায়শ্চিত্ত)। এর শর্ত কি?**
উত্তর ঃ- কাবীরা গোনাহ থেকে দূরে থাকা।



**২২২। পাঁচ-অক্ত নামায পড়লে গোনাহ ধুয়ে যায়, পাপ ঝরে যায়, এর একটি উদাহরণ কি?**
উত্তর ঃ- নদীতে গোসল করা, গাছের পাতা ঝরা।

**২২৩। কার কানে শয়তান পেশাব করে দেয়?**
উত্তর ঃ- যে ফজরের নামায না পড়ে ঘুমিয়ে থাকে।

**২২৪। যে মহিলা মাতম করে কান্না করে কিয়ামতে তার শেলোয়ার-কামিস কিসের হবে?**
উত্তর ঃ- দাহ্য আলকাতরার শেলোয়ার এবং পাঁচড়ার কামিস।

**২২৫। মহানবী ﷺ-এর কথায় 'অহংকার' মানে কি?**
উত্তর ঃ- সত্য প্রত্যাখ্যান করা এবং মানুষকে ঘৃণা করা।

**২২৬। দাইয়ুস কাকে বলে?**
উত্তর ঃ- যে স্ত্রী-কন্যার ব্যাপারে ঈর্ষাবান নয়। যে স্ত্রী-কন্যাকে নোংরামিতে বাধা দেয় না। ভেড়া।

**২২৭। কিয়ামতের দিন মহান আল্লাহ কিছু লোকের দিকে তাকিয়েও দেখবেন না, তাদের দু'টি উল্লেখ করুন?**
উত্তর ঃ- গাঁটের নিচে ঝুলিয়ে কাপড় পরিধানকারী পুরুষ, কসম খেয়ে পণ্য বিক্রয়কারী ব্যবসায়ী।

**২২৮। জুমআর দিন দ্বিতীয় সময়ে পৌঁছলে তার সওয়াব কি?**
উত্তর ঃ- একটি গরু কুরবানী করার সওয়াব।

**২২৯। হারাম (পবিত্র) মাস কোন্‌গুলি?**
উত্তর ঃ- যুল-ক্বা'দাহ, যুল-হাজ্জাহ, মুহার্রম ও রজব।

**২৩০। সবচেয়ে বেশী ফযীলতপূর্ণ দিনগুলি কি?**
উত্তর ঃ- যুলহজ্জের প্রথম দশদিন।

**২৩১। সবচেয়ে বেশী ফযীলতপূর্ণ রাতগুলি কি?**
উত্তর ঃ- রমযানের শেষ দশ রাত।

**২৩২। জাহেলের উপর আলেমের বড় মর্যাদা রয়েছে। কোন্ ধরনের, তার একটি উপমা দিন।**
উত্তর ঃ- তারকারাজির মাঝে চাঁদের।

**২৩৩। আশূরার দিন রোযা রাখি কেন?**
উত্তর ঃ- ফেরাউনের কবল থেকে মুক্তি পেয়ে মূসা নবী রেখেছিলেন এবং তাঁর অনুসরণে আমাদের নবী রেখেছিলেন তাই।

**২৩৪। উম্মতে মুহাম্মাদী কত দলে বিভক্ত হবে?**
উত্তর ঃ- তিয়াত্তর দলে।

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com

***২৩৫। আল্লাহর কাছে জান্নাত চাওয়ার সময় কোন্ জান্নাত চাইতে হয়?***

উত্তর ঃ- জান্নাতুল ফিরদাউস।

***২৩৬। মানুষের দেহে কয়টি জোড় বা গ্রন্থি আছে?***

উত্তর ঃ- ৩৬০টি।

***২৩৭। জাহান্নামে একদল লোকের পায়ের গোড়ালির উপর মোটা শিরায় (বাঁধা অবস্থায়) লটকানো আছে, তাদের কশগুলো কেটে ও ছিঁড়ে আছে এবং কশ বেয়ে রক্তও ঝরছে। নবী ﷺ জিবরীলকে প্রশ্ন করলেন, 'ওরা কারা?' এর উত্তর আপনি বলুন।***

উত্তর ঃ- ওরা হল তারা; যারা সময় হওয়ার পূর্বে-পূর্বেই ইফতার করে নিত।

***২৩৮। আদম সন্তান বড় হয়, বড় হয় তার সাথে দুটি জিনিস; তা কি কি?***

উত্তর ঃ- ধনলোভ ও দীর্ঘায়ু কামনা।

***২৩৯। "আমার দয়া আমার ক্রোধ অতিক্রম করিয়াছে।" মহান আল্লাহর এ কথা কোথায় লেখা আছে?***

উত্তর ঃ- আরশে।

***২৪০। দোযখে কাফেরের ঘাড় কত লম্বা, দাঁত কত বড় এবং চামড়া কত মোটা হবে হাদীস থেকে উল্লেখ করুন।***

উত্তরঃ- ঘাড় দ্রুতগামী ঘোড়ার তিন দিনের সফরের দূরত্ব পরিমাণ লম্বা। দাঁত ওহুদ পাহাড়ের সমান বড়। চামড়া ৩ দিনের সফরের দূরত্ব পরিমাণ মোটা।

***২৪১। আযানের জবাব দিয়ে যে দরূদ ও নির্দিষ্ট দুআ পড়ে, তার পুরস্কার কি?***

উত্তর ঃ- মহানবী ﷺ-এর সুপারিশ লাভ।

***২৪২। হাই তুললে কোন্ দুআ বলতে হয়?***

উত্তর ঃ- কিছু না।

***২৪৩। জান্নাতের ভাণ্ডার কি?***

উত্তর ঃ- লা হাউলা অলা কুউওয়াতা ইল্লা বিল্লাহ।

***২৪৪। কোন্ সাহাবীর মৃত্যুতে আল্লাহর আরশ কেঁপে উঠেছিল?***

উত্তর ঃ- সা'দ বিন মুআয ﷺ।

***২৪৫। দু'টি চোখকে জাহান্নামের আগুন স্পর্শ করবে না। কি কি?***

উত্তর ঃ- যে চোখ আল্লাহর ভয়ে কাঁদে এবং যে চোখ আল্লাহর রাস্তায় পাহারা দেয়।

***২৪৬। দু'টি চিহ্নকে আল্লাহ পছন্দ করেন। কি কি?***

উত্তর ঃ- আল্লাহর রাস্তায় (চলার) চিহ্ন এবং অপরটি হল, আল্লাহর ফরযসমূহের কোন ফরয পালন করার ফলে পড়া (পায়ের বা ক্ষতের) চিহ্ন।

***২৪৭। দু'টি বিন্দুকে আল্লাহ পছন্দ করেন। কি কি?***



উত্তর ঃ- আল্লাহর ভয়ে কান্নার এক বিন্দু অশ্রু এবং আল্লাহর রাস্তায় (জিহাদে) বহানো একবিন্দু রক্ত।

***২৪৮। দুনিয়ার বহু মানুষ দু'টি নেয়ামতের ব্যাপারে অবহেলা প্রদর্শন করে থাকে, সে দু'টি কি কি?***

উত্তর ঃ- সুস্থতা ও অবকাশ।

***২৪৯। দুই ব্যক্তির জন্য মহান আল্লাহ হাসেন, তারা কারা?***

উত্তর ঃ- দু'জনেই খুনী অথচ দু'জনেই বেহেশ্তী। কাফের হয়ে জিহাদে মুসলিমকে শহীদ করে, তারপর সে মুসলিম হয়ে শহীদ হয়।

***২৫০। দু'টি পাপের শাস্তি দুনিয়াতেই দেওয়া হয়। তা কি কি?***

উত্তর ঃ- যুল্‌ম ও পিতামাতার অবাধ্যতা।

***২৫১। সবচেয়ে বড় মিথ্যুক দুইজন, তারা কারা?***

উত্তর ঃ- যে একটি বা কিছু লোকের কারণে সমগ্র বংশ বা জাতির নিন্দা করে এবং যে তার বাপকে অস্বীকার করে।

***২৫২। দুটি সময় দুআ রদ্দ করা হয় না, কোন্ কোন্ সময়?***

উত্তর ঃ- আযানের সময় ও বৃষ্টির সময়। অথবা আযানের সময় ও তুমুল যুদ্ধের সময়।

***২৫৩। মহানবী ﷺ-এর ৩টি জিনিস প্রিয় ছিল, কি কি?***

উত্তর ঃ- স্ত্রী, সুগন্ধি ও নামায।

***২৫৪। মহানবী ﷺ কোন্ বেহেশ্তে অবস্থান করবেন?***

উত্তর ঃ- আদ্‌ন বেহেশ্তে।

***২৫৫। আল্লাহর নিকট ৩ জন লোক সবার চেয়ে নিকৃষ্ট; তারা কারা?***

উত্তর ঃ- হারাম শরীফে যে পাপ করে, যে জাহেলী যুগের তরীকা মেনে চলে এবং যে নাহক খুনের দাবী করে অপরকে খুন করতে চায়।

***২৫৬। জান্নাত তিন সাহাবীর জন্য উদগ্রীব আছে? তাঁরা কে কে?***

উত্তর ঃ- আলী, আম্মার ও সালমান ﷺ।

***২৫৭। অশুভ বলে কিছু নেই। থাকলে ৩টি জিনিসে আছে; তা কি কি?***

উত্তর ঃ- নারী, বাড়ি ও গাড়ি।

***২৫৮। তিনটি জিনিসে বর্কত আছে। তা কি কি?***

উত্তর ঃ- জামাআত, সারীদ (খাবার) ও সেহরীতে।

***২৫৯। তিনজনকে সাহায্য করা আল্লাহর দায়িত্ব; তারা কারা?***

উত্তর ঃ- মুজাহিদ, চুক্তিবদ্ধ কৃতদাস যে চুক্তিকৃত অর্থ আদায় করতে চায় এবং সেই বিবাহকারী যে চরিত্র পবিত্র রাখতে চায়।

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com

২৬০। *তিনজন আল্লাহর দায়িত্বে; তারা কারা?*

উত্তর ঃ- যে মসজিদে বের হয়েছে, যে জিহাদে বের হয়েছে এবং যে হজ্জে বের হয়েছে।

২৬১। *তিন ব্যক্তির উপর সর্বশ্রেষ্ঠ ফিরিশ্‌তা জিব্রাঈল ﷺ বদ্দুআ করেছেন এবং সর্বশ্রেষ্ঠ নবী ﷺ 'আ-মীন' বলেছেন। তারা কারা?*

উত্তর ঃ- যে নবী ﷺ-এর নাম শুনে দরূদ পড়ে না, যে পিতামাতার কাউকে বৃদ্ধ অবস্থায় পেয়েও বেহেশ্‌ত যেতে পারে না এবং রমযান মাস পেয়েও যে নিজের গোনাহ-খাতা মাফ করাতে পারে না।

২৬২। *তিন ব্যক্তির জন্য আল্লাহ জান্নাত হারাম করেছেন। তারা কারা?*

উত্তর ঃ- অভ্যাসগতভাবে মদপানকারী, মাতাপিতার অবাধ্য সন্তান ও ভেড়া পুরুষ।

২৬৩। *তিন ব্যক্তির ব্যাপারে জিজ্ঞাসাই করো না, (তারা ধ্বংস হবে); তারা কারা?*

উত্তর ঃ- যে জামাআত ত্যাগ করে রাষ্ট্রনেতার বিদ্রোহী হয়ে মারা গেছে, যে ক্রীতদাস বা দাসী মনিব থেকে পালিয়ে গিয়ে মারা গেছে এবং সেই স্ত্রী যে বেপর্দা হয়ে বাইরে যায়, অথচ তার স্বামী তার সকল প্রয়োজন মিটিয়ে রেখেছে।

২৬৪। *তিন সময় মিথ্যা বলা বৈধ? কোন্ কোন্ সময়?*

উত্তর ঃ- যুদ্ধে, দুই বিবদমান ব্যক্তির মাঝে সন্ধি করতে এবং স্বামী-স্ত্রীর আপোসে প্রেম বাড়াতে।

২৬৫। *তিন ব্যক্তির নিকট (রহমতের) ফিরিশ্‌তা আসেন না; তারা কারা?*

উত্তর ঃ- মাতাল, যাফরান রঙ ব্যবহারকারী পুরুষ এবং (বড়) অপবিত্র ব্যক্তি।

২৬৬। *তিন ব্যক্তি জান্নাত প্রবেশ করবে না; তারা কারা?*

উত্তর ঃ- ভেড়া পুরুষ, পুরুষের বেশ ধারণকারিণী মহিলা ও মাতাল।

২৬৭। *তিন ব্যক্তির নিকট থেকে কিয়ামতে ফরয-নফল কিছুই গ্রহণ করা হবে না; তারা কারা?*

উত্তর ঃ- পিতামাতার যে অবাধ্য হয়, দান দিয়ে যে বলে বেড়ায় এবং তকদীরকে যে অস্বীকার করে।

২৬৮। *তিন ব্যক্তির সঙ্গে আল্লাহ কিয়ামতে কথা বলবেন না, তাদের দিকে তাকিয়ে দেখবেন না, তাদেরকে পবিত্র করবেন না এবং তাদের জন্য হবে কঠিন শাস্তি; তারা কারা?*

উত্তর ঃ- অহংকারে সাথে যে পরনের কাপড় গাঁটের নিচে ঝুলিয়ে পরে, দান দিয়ে যে প্রচার করে বেড়ায় এবং মিথ্যা কসম খেয়ে যে পণ্য বিক্রয় করে। অথবা বৃদ্ধ ব্যভিচারী, মিথ্যাবাদী রাজা ও অহংকারী গরীব।

২৬৯। *তিন ব্যক্তিকে ডবল সওয়াব দেওয়া হবে। তারা কারা?*

উত্তর ঃ- যে ইয়াহুদী অথবা খ্রিষ্টান নিজের নবীর উপরেও বিশ্বাস রাখে এবং শেষ নবীর উপরও ঈমান আনে, যে ক্রীতদাস আল্লাহর হক আদায় করে এবং নিজের



মনিবের হকও আদায় করে। আর সেই মনিব যে তার দাসীকে সুশিক্ষিতা করে স্বাধীন করে বিবাহ করে।

২৭০। *তিন ব্যক্তির নামায কবুল হয় না; তারা কারা?*

উত্তর ঃ- যে ক্রীতদাস মনিব থেকে পালিয়ে গেছে, যে স্ত্রীর স্বামী তার উপর রাগান্বিত অবস্থায় রাত্রি যাপন করেছে এবং যে এমন জামাআতের ইমামতি করেছে, যারা তার প্রতি সন্তুষ্ট নয়।

২৭১। *তিন ব্যক্তি দুআ করে কিন্তু কবুল হয় না; তারা কারা?*

উত্তর ঃ- যে নিজ ব্যভিচারিণী স্ত্রীকে তালাক দেয় না, যে ঋণ দিয়ে সাক্ষী রাখে না এবং যে নির্বোধের হাতে টাকা-পয়সা দেয়।

২৭২। *তিনজনের দুআ কবুল হয়। তারা কে কে?*

উত্তর ঃ- মাতাপিতা, মুসাফির ও অত্যাচারিত ব্যক্তি। অথবা আল্লাহর অনেকানেক যিক্‌রকারী, অত্যাচারিত ব্যক্তি ও ন্যায়পরায়ণ বাদশা।

২৭৩। *ঘোড়া সাধারণতঃ তিন প্রকার হয় ; কি কি?*

উত্তর ঃ- রহমানের ঘোড়া, শয়তানের ঘোড়া ও ইনসানের ঘোড়া।

২৭৪। *তিন ব্যক্তির উপর থেকে পাপ-পুণ্যের কলম তুলে নেওয়া হয়েছে। তারা কারা?*

উত্তর ঃ- পাগল, শিশু ও ঘুমন্ত ব্যক্তি।

২৭৫। *মানুষ তিন প্রকার স্বপ্ন দেখে থাকে; তা কি কি?*

উত্তর ঃ- আল্লাহর তরফ থেকে, শয়তানের তরফ থেকে এবং মনের কল্পনা থেকে।

২৭৬। *যে ব্যক্তির প্রাণ তার দেহত্যাগ করে এবং সে সেই সময় তিনটি জিনিস থেকে মুক্ত থাকে, সে ব্যক্তি বেহেশ্‌ত প্রবেশ করবে; সে ৩টি জিনিস কি কি?*

উত্তর ঃ- অহংকার, ঋণ ও খিয়ানত।

২৭৭। *কেচ্ছা বলে তিনজন; তারা কারা?*

উত্তর ঃ- আমীর, তার আদেশপ্রাপ্ত ও অহংকারী।

২৭৮। *বিচারক তিন প্রকার; দুই প্রকার জাহান্নামী ও এক প্রকার জান্নাতী; তারা কারা?*

উত্তর ঃ- যে বিচারক নিজের খেয়াল-খুশী বিচার করে এবং যে বিনা ইলমে বিচার করে সে জাহান্নামী। আর যে ইলমের সাথে হক বিচার করে সে জান্নাতী।

২৭৯। *তিনটি শিশু মায়ের কোলে কথা বলেছে; তারা কে কে?*

উত্তর ঃ- ঈসা ﷺ, জুরাইজের পবিত্রতার সাক্ষ্যদাতা জারজ সন্তান এবং বানী ইস্রাঈলের এক শিশু, যে তার মায়ের আশার বিপরীত দুআ করেছিল।

২৮০। *তিনটি জিনিসে সকল মুসলিম অংশীদার; তা কি কি?*

উত্তর ঃ- ঘাস, পানি ও আগুন।

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com

***২৮১। আল্লাহর খাস যাত্রী তিনজন; তারা কারা?***
উত্তর ঃ- মুজাহিদ, হজযাত্রী ও উমরাকারী।

***২৮২। তিনটি মসজিদ ছাড়া অন্য কোন স্থানের জন্য সওয়াবের উদ্দেশ্যে সফর নিষেধ; তা কি কি?***
উত্তর ঃ- মাসজিদুল হারাম, মসজিদে নববী ও মাসজিদুল আকসা।

***২৮৩। তিনটি জিনিস মৃতব্যক্তি সাথে কবরস্থান পর্যন্ত যায়, তার মধ্যে দু'টি ফিরে আসে একটি তার সাথী হয়; তা কি কি?***
উত্তর ঃ- পরিজন, মাল ও আমল। আমল তার সাথী হয়।

***২৮৪। মানুষ মারা গেলে তার আমল বন্ধ হয়ে যায়, সওয়াবের পথও বন্ধ থাকে; কিন্তু ৩টি পথ খোলা থাকে। তা কি কি?***
উত্তর ঃ- সাদকা জারিয়া, ফলপ্রসূ ইল্ম ও দুআকারী নেক সন্তান।

***২৮৫। চারটি নদী বেহেশ্তের নদী; তা কি কি?***
উত্তর ঃ- সাইহান, জাইহান, নীল ও ফুরাত।

***২৮৬। চারটি প্রাণী মারতে মানা; কি কি?***
উত্তর ঃ- পিঁপড়ে, মৌমাছি, হুদহুদ ও শ্রাইক।

***২৮৭। চার ব্যক্তিকে আল্লাহ ঘৃণা করেন; তারা কে কে?***
উত্তর ঃ- সর্বদা কসম খেয়ে পণ্য বিক্রয়কারী ব্যবসায়ী, অহংকারী গরীব, বৃদ্ধ ব্যভিচারী ও অত্যাচারী রাজা।

***২৮৮। চার ব্যক্তি কিয়ামতে আল্লাহর সঙ্গে হুজ্জত করবে; ফলে তাদের পরীক্ষা নিয়ে জান্নাত-জাহান্নাম নির্ধারণ করা হবে। তারা কে কে?***
উত্তর ঃ- কালা, নির্বোধ, যার কাছে ইসলাম একেবারে অথর্ব বৃদ্ধ অবস্থায় পৌঁছেছে এবং যার কাছে ইসলাম পৌঁছেনি।

***২৮৯। যে কাজ আল্লাহর যিক্র বা ইবাদত নয়, তা বাতিল; চারটি কাজ ছাড়া। অথবা চারটি খেলা ছাড়া সবই বাতিল; তা কি কি?***
উত্তর ঃ- স্ত্রীর সাথে প্রেম খেলা, ঘোড়দৌড় খেলা, তীরন্দাজি খেলা ও সাঁতার খেলা।

***২৯০। চারটি কথা আল্লাহর নিকট সবচেয়ে প্রিয়; তা কি কি?***
উত্তর ঃ- সুবহানাল্লাহ, আলহামদু লিল্লাহ, লা ইলাহা ইল্লাল্লাহ, আল্লাহু আকবার।

***২৯১। শেষ তাশাহহুদে চারটি জিনিস থেকে পানাহ চাওয়া জরুরী; তা কি কি?***
উত্তর ঃ- দোযখের আযাব, কবরের আযাব, দাজ্জালের ফিতনা ও জীবন-মৃত্যুর ফিতনা।

***২৯২। চারটি জিনিস থাকলে দুনিয়ার অন্য কিছু না থাকলে (মানুষ বড় মানুষ হতে পারে) তা কি কি?***
উত্তর ঃ- সত্যবাদিতা, আমানতদারি, সুন্দর চরিত্র ও হালাল খাদ্য।



***২৯৩। চারটি কর্ম জাহেলিয়াতের, যা এ উম্মত ত্যাগ করবে না; তা কি কি?***
উত্তর ঃ- নিজের বংশ নিয়ে গর্ব করা, পরের বংশে খোঁটা দেওয়া, রাশিচক্রের মাধ্যমে বৃষ্টি কামনা করা ও মাতম করে কান্না করা।

***২৯৪। চার রাকআত নামাযের জন্য আসমানের দরজা খোলা হয়। তা কোন্ নামায?***
উত্তর ঃ- যোহরের পূর্বে ৪ রাকআত সুন্নত।

***২৯৫। চারটি জিনিস সুখের ও চারটি জিনিস দুঃখের। তা কি কি?***
উত্তর ঃ- সুখের জিনিস ঃ পুণ্যময়ী স্ত্রী, প্রশস্ত বাড়ি, সৎ প্রতিবেশী ও ভালো সওয়ারী (গাড়ি)। আর দুঃখের জিনিস এর বিপরীত ঃ খারাপ স্ত্রী, সংকীর্ণ বাড়ি, অসৎ প্রতিবেশী ও খারাপ সওয়ারী (গাড়ি)।

***২৯৬। চারটি গুণ যার মধ্যে হবে, সে খাঁটি মুনাফেক হবে। তা কি কি?***
উত্তর ঃ- আমানতে খিয়ানত করা, মিথ্যা বলা, ওয়াদা ও চুক্তি ভঙ্গ করা এবং বিবাদের সময় অশ্লীল কথা বলা।

***২৯৭। পৃথিবীর চারটি নারী সর্বশ্রেষ্ঠ; তাঁরা কে কে?***
উত্তর ঃ- মারয়্যাম, খাদীজা, ফাতেমা ও আসিয়া।

***২৯৮। প্রত্যহ পাঁচ অক্ত ফরয নামায পড়লে কত অক্তের ফরয নামায পড়ার সওয়াব লাভ হয়?***
উত্তর ঃ- ৫০ অক্তের।

***২৯৯। পাঁচটি জিনিসের পূর্বে পাঁচটি জিনিসের সদ্ব্যবহার করা উচিত। তা কি কি?***
উত্তর ঃ- মরণের পূর্বে জীবনকে, অসুস্থতার পূর্বে সুস্থতাকে, ব্যস্ততার পূর্বে অবসরকে, বার্ধক্যের পূর্বে যৌবনকে এবং দারিদ্রের পূর্বে ধনবত্তাকে।

***৩০০। মুসলিমের উপর মুসলিমের পাঁচটি হক কি কি?***
উত্তর ঃ- সালামের জবাব দেওয়া, হাঁচির জবাব দেওয়া, দাওয়াত গ্রহণ করা, অসুস্থ হলে দেখা করতে যাওয়া এবং মারা গেলে জানাযায় শরীক হওয়া।

***৩০১। পাঁচটি দুষ্ট প্রাণী, যাদেরকে হারাম সীমানায় বা ইহরাম অবস্থাতেও মারা যাবে। তা কি কি?***
উত্তর ঃ- চিল, সাদা দাগ বিশিষ্ট কাক, ইঁদুর, কামড়ায় এমন কুকুর এবং সাপ।

***৩০২। প্রকৃতিগত কর্ম পাঁচটি; তা কি কি?***
উত্তর ঃ- খতনা করা, নাভির নিচের লোম সাফ করা, মোচ ছাঁটা, নখ কাটা ও বগলের লোম সাফ করা।

***৩০৩। পাঁচটি কাজের কেউ একটি করলে সে আল্লাহর দায়িত্বে থাকে; তা কি কি?***
উত্তর ঃ- রোগীকে সাক্ষাৎ করতে যাওয়া, জিহাদে যাওয়া, নেতৃস্থানীয় ব্যক্তিকে সম্মান করা অথবা নিজ ঘরে থেকে নিজেকে ও অপরকে নিরাপদে রাখা।

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com

***৩০৪। গায়েবের চাবি পাঁচটি; তা কি কি?***

উত্তর ঃ- কিয়ামত কখন হবে, বৃষ্টি কখন কোথায় হবে, গর্ভে কেমন বাচ্চা আছে, কাল কে কি করবে এবং কোথায় মরণ হবে।

***৩০৫। পাঁচটি প্রশ্নের উত্তর না দিয়ে কিয়ামতে কারো পা নড়বে না; সে প্রশ্ন পাঁচটি কি কি?***

উত্তর ঃ- আয়ু কিসে ক্ষয় করেছ, যৌবন কিভাবে ব্যয় করেছ, অর্থ কিভাবে উপার্জন করেছ, অর্থ কোথায় ব্যয় করেছ এবং জানার পর কি আমল করেছ।

***৩০৬। দুইভাবে সারা বছর রোযা রাখার সওয়াব পাওয়া যায়। কি কি?***

উত্তর ঃ- রমযানের পর শওয়ালের ছয় রোযা রাখলে অথবা প্রত্যেক মাসে তিন রোযা রাখলে।

***৩০৭। সাতজন মহিলাকে আল্লাহ ও তাঁর নবী ﷺ অভিশাপ করেছেন। তারা কোন্ কোন্ মহিলা?***

উত্তর ঃ- (১) যে জ্র চাঁছে, (২) যে জ্র চাঁছায়, (৩) যে পরচুলা লাগায়, (৪) যে পরচুলা লাগিয়ে দেয়, (৫) যে দেগে নক্সা করে, (৬) যে দেগে নক্সা করায় এবং (৭) যে দাঁত ঘসে চিকন করে।

***৩০৮। শিশুর কত বছর বয়স হলে নামাযের আদেশ করতে হবে, কত বছর বয়সে মারতে হবে এবং কত বছর বয়সে নামায ফরয হবে?***

উত্তর ঃ- সাত, দশ ও পনের।

***৩০৯। সাতটি ধ্বংসকারী পাপ কি কি?***

উত্তর ঃ- শির্ক করা, যাদু করা, খুন করা, সূদ খাওয়া, এতীমের মাল খাওয়া, যুদ্ধক্ষেত্র থেকে পলায়ন করা ও সতী নারীর চরিত্রে কলঙ্ক দেওয়া।

***৩১০। কি কারণে প্লেট বা হাঁড়ি ৭বার ধুতে হয়?***

উত্তর ঃ- কুকুরে মুখ দিলে।

***৩১১। কবরে থেকেও সাতটি জিনিসের সওয়াব পাওয়া যায়। তা কি কি?***

উত্তর ঃ- জ্ঞান শিখানো, ক্যানেল বা নালা খনন করা, কুঁয়া বা কল করে দেওয়া, গাছ লাগানো, মসজিদ বানানো, কুরআন রেখে যাওয়া এবং ভালো ছেলে ছেড়ে যাওয়া।

***৩১২। শহীদের জন্য রয়েছে সাতটি পুরস্কার; তা কি কি?***

উত্তর ঃ- (১) তার রক্তের প্রথম ক্ষরণের সাথে তার পাপ ক্ষমা করা হবে ও জান্নাতে তার বাসস্থান দেখানো হবে, (২) কবরের আযাব থেকে নিষ্কৃতি দেওয়া হবে, (৩) কিয়ামতের মহাত্রাস থেকে নিরাপত্তা পাবে, (৪) ঈমানের অলঙ্কার পরিধান করবে, (৫) সুনয়না হুরীদের সাথে তার বিবাহ দেওয়া হবে, (৬) সম্মানের মুক্তার মুকুট পরানো হবে এবং (৭) তার নিজ পরিজনের মধ্যে ৭০ জনের জন্য তার সুপারিশ



গ্রহণযোগ্য হবে।

***৩১৩। রোগীর কাছে কোন্ দুআ সাতবার পড়লে রোগ ভালো হয়?***

উত্তর ঃ- আস্আলুল্লা-হাল আযীম, রাব্বাল আরশিল আযীম, আঁই য়্যাশ্ফিয়াক।

***৩১৪। কোন্ দুআ সাতবার পড়লে ব্যথা-বেদনা ভালো হয়?***

উত্তর ঃ- আঊযু বিইয্যাতিল্লা-হি অকুদরাতিহী মিন শার্রি মা আজিদু অউহা-যির।

***৩১৫। সাত ব্যক্তিকে আল্লাহর আরশের নিচে ছায়া দেওয়া হবে। তারা কে কে?***

উত্তর ঃ- (১) ন্যায় পরায়ণ বাদশাহ (রাষ্ট্রনেতা), (২) সেই যুবক যার যৌবন আল্লাহ আযযা অজাল্লার ইবাদতে অতিবাহিত হয়, (৩) সেই ব্যক্তি যার অন্তর মসজিদসমূহের সাথে লটকে থাকে (মসজিদের প্রতি তার মন সদা আকৃষ্ট থাকে।) (৪) সেই দুই ব্যক্তি যারা আল্লাহর সন্তুষ্টিলাভের উদ্দেশ্যে বন্ধুত্ব ও ভালোবাসা স্থাপন করে; যারা এই ভালোবাসার উপর মিলিত হয় এবং এই ভালোবাসার উপরেই চিরবিচ্ছিন্ন (তাদের মৃত্যু) হয়। (৫) সেই ব্যক্তি যাকে কোন কুলকামিনী সুন্দরী (অবৈধ যৌন-মিলনের উদ্দেশ্যে) আহবান করে, কিন্তু সে বলে, 'আমি আল্লাহকে ভয় করি। (৬) সেই ব্যক্তি যে দান করে গোপন করে; এমনকি তার ডান হাত যা প্রদান করে তা তার বাম হাত পর্যন্তও জানতে পারে না। আর (৭) সেই ব্যক্তি যে নির্জনে আল্লাহকে স্মরণ করে; ফলে তার উভয় চোখে পানি বয়ে যায়।

***৩১৬। কোন্ সময় কোন্ দুআ পড়লে জান্নাতের আটটি দুয়ারই খোলা যায়?***

উত্তর ঃ- ওযুর শেষে নির্দিষ্ট দুআ পড়লে।

***৩১৭। প্রকৃতিগত দশটি কর্ম কি কি?***

উত্তর ঃ- মোছ ছাঁটা, দাড়ি রাখা, দাঁতন করা, পানি দিয়ে নাক পরিষ্কার করা, নখ কাটা, আঙ্গুল ধোয়া, বগলের লোম সাফ করা, নাভির নিচের লোম সাফ করা, প্রস্রাব-পায়খানার পর পানি ব্যবহার করা এবং কুল্লি করা।

***৩১৮। দাজ্জালের ফিতনা থেকে বাঁচার একটি উপায় হল দশটি আয়াত মুখস্থ করা। কোন্ সূরার?***

উত্তর ঃ- সূরা কাহফের প্রথম বা শেষ ১০টি আয়াত।

***৩১৯। কোন্ দুআ কোন্ সময় দশবার পড়লে দশটি নেকী লাভ হবে, দশটি গোনাহ ঝরবে, দশটি মর্যাদা বাড়বে, চারটি গোলাম আযাদ করার সওয়াব লাভ হবে এবং শয়তান থেকে নিরাপদে থাকবে?***

উত্তর ঃ- ফজর ও মাগরিবের নামাযে সালাম ফিরার পর নির্দিষ্ট দুআ পড়লে।

***৩২০। 'আশারায়ে মুবাশ্শারাহ' বা জীবিতাবস্থায় জান্নাতের সুসংবাদপ্রাপ্ত দশজন সাহাবী কে কে?***

উত্তর ঃ- আবূ বাক্র, উমার, উসমান, আলী, তালহা, যুবাইর, আব্দুর রহমান বিন

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com

আওফ, সা'দ বিন আবী অক্কাস, সাঈদ বিন যায়দ ও আবূ উবাইদাহ ﷺ।

৩২১। ***দশটি মহিলার সাথে ব্যভিচার করলে যে পাপ হয়, একটি মহিলার সাথে করলে তার থেকে বেশী পাপ হয়, কোন্ সে মহিলা? দশটি বাড়ি থেকে চুরি করলে যা পাপ হয়, একটি বাড়ি থেকে করলে তার থেকে বেশী পাপ হয়, কোন্ সে বাড়ি?***

উত্তর ঃ- প্রতিবেশীর মহিলা ও বাড়ি।

৩২২। ***বারো বছর কোন্ কাজ করলে জান্নাত ওয়াজেব হয়ে যায়?***

উত্তর ঃ- আযান দেওয়ার কাজ।

৩২৩। ***বারো রাক্আত কোন্ নামায নিয়মিত পড়লে বেহেশ্তে গৃহ নির্মাণ হয়?***

উত্তর ঃ- ফরয নামাযের আগে-পরের সুন্নাতে মুআক্কাদাহ।

৩২৪। ***নবুঅতের এক চব্বিশতম অংশ কি?***

উত্তর ঃ- ধীর-স্থিরতা, মধ্যমপন্থা ও সুন্দর বেশভূষা।

৩২৫। ***নবুঅতের এক পঁচিশতম বা এক ছাব্বিশতম অংশ কি?***

উত্তর ঃ- ভালো স্বপ্ন।

৩২৬। ***সূদ খাওয়ার ৭৩ রকম পাপ আছে; তার মধ্যে সবচেয়ে ছোট পাপ কি?***

উত্তর ঃ- নিজের মায়ের সাথে ব্যভিচার করা।

৩২৭। ***সব চাইতে বড় সূদ কি?***

উত্তর ঃ- একজন মুসলিমের সম্ভ্রম লুটা।

৩২৮। ***শহীদ কারা?***

উত্তর ঃ- জিহাদে মৃত, পানিতে ডুবে মৃত, পেটের রোগে মৃত, প্লেগরোগে মৃত, প্লুরিসি রোগে মৃত, ক্ষয়রোগে মৃত, সন্তান প্রসব করতে গিয়ে মৃত, দেওয়াল চাপা পড়ে মৃত, আগুনে পুড়ে মৃত, নিজের সওয়ারী থেকে পড়ে গিয়ে মৃত, নিজের জান, দ্বীন, মাল বা স্ত্রী বাঁচাতে গিয়ে মৃত।

৩২৯। ***মহান আল্লাহ যখন কারো মঙ্গল চান, তখন কি করেন?***

উত্তর ঃ- তাকে মুসীবতে ফেলেন।

৩৩০। ***প্রকৃত বীর কুস্তিগীর সে নয়, যে অপরকে কুস্তিতে হারিয়ে দিতে পারে; তাহলে প্রকৃত বীর কে?***

উত্তর ঃ- যে রাগের সময় নিজেকে কাবু রাখতে পারে।

৩৩১। ***একটি দুআ বললে রাগ দূর হয়, সেটি কি?***

উত্তর ঃ- আঊযু বিল্লাহি মিনাশ শায়তানির রাজীম।

৩৩২। ***কিয়ামতে সৃষ্টির সামনে ডেকে ইচ্ছামত হুর বেছে নিতে বলা হবে কাকে?***

উত্তর ঃ- যে রাগ পান করে।

৩৩৩। ***মানুষের সুন্দর ইসলামের প্রমাণ কি?***



উত্তর ঃ- নিজের বিষয়ীভূত নয় এমন কথা ও কাজ বর্জন করা।

৩৩৪। ***আগুনে নিক্ষিপ্ত হওয়ার সময় ইব্রাহীম ﷺ-এর দুআ কি ছিল?***

উত্তর ঃ- হাসবিয়াল্লাহ্ অনি'মাল অকীল।

৩৩৫। ***নবী ﷺ একটি গাছের সাথে মু'মিনের উদাহরণ দিয়েছেন। কোন্ গাছ সেটি?***

উত্তর ঃ- খেজুর গাছ।

৩৩৬। ***নবী ﷺ একটি গাছের সাথে মুনাফিকের উদাহরণ দিয়েছেন। কোন্ গাছ সেটি?***

উত্তর ঃ- আর্যা (সীডার) গাছ।

৩৩৭। ***কুরআন তেলাঅতকারী মু'মিনের উদাহরণ কি?***

উত্তর ঃ- বাতাবী লেবুর মত।

৩৩৮। ***কুরআন তেলাঅতকারী মুনাফিকের উদাহরণ কি?***

উত্তর ঃ- তুলসী গাছের মত।

৩৩৯। ***জান্নাতের সুগন্ধ কত দূরের পথ থেকে শোনা যাবে?***

উত্তর ঃ- ১০০ বছরের পথ থেকে।

৩৪০। ***গরীবদের কত বছর পর ধনীরা বেহেশ্তে প্রবেশ করবে?***

উত্তর ঃ- ৫০০ বছর পর।

৩৪১। ***জুমআর দ্বিতীয় আযান কার সুন্নত?***

উত্তর ঃ- উষমান ﷺ-এর সুন্নত।

৩৪২। ***হাশরের ময়দান হবে পৃথিবীর কোন্ দেশে?***

উত্তর ঃ- শাম দেশে।

৩৪৩। ***আসমানে আল-বাইতুল-মা'মূর-এ প্রত্যহ কতজন ফিরিশ্তা ইবাদত করেন?***

উত্তর ঃ- ৭০ হাজার।

৩৪৪। ***কোন্ সাহাবীর মৃত্যুর ফলে আল্লাহর আরশ হিলে গিয়েছিল?***

উত্তর ঃ- সা'দ বিন মুআয ﷺ।

## ৪। ফিক্হ বিষয়ক প্রশ্নোত্তর বিভাগ

৩৪৫। ***আমল শুদ্ধ হওয়ার মূল ভিত্তি কি?***

উত্তর ঃ- তাওহীদ।

৩৪৬। ***আমল কবুল হওয়ার মৌলিক শর্ত কয়টি ও কি কি?***

উত্তর ঃ- দু'টি ঃ ইখলাস ও তরীকায়ে মুহাম্মাদী।

৩৪৭। ***৪টি প্রসিদ্ধ ফকীহর নাম করুন।***

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com

উত্তর ঃ- ইমাম আবু হানীফা, ইমাম মালেক, ইমাম শাফেয়ী, ইমাম আহমাদ বিন হাম্বল।

৩৪৮। *ফিকহের মূল উৎস কি?*

উত্তর ঃ- কুরআন ও সুন্নাহ।

৩৪৯। *নিয়ত মানে কি?*

উত্তর ঃ- মনের সংকল্প।

৩৫০। *নামাযের নিয়ত করা কি? পড়া কি?*

উত্তর ঃ- করা জরুরী, পড়া বিদআত।

৩৫১। *নামায কোন্ মুসলিমের উপরে ফরয নয়?*

উত্তর ঃ- পাগল, নাবালক ও ঋতুমতী নারীর উপর।

৩৫২। *কোন্ জায়গায় নফল নামায হবে, ফরয নামায হবে না?*

উত্তর ঃ- কা'বাগৃহের ভিতরে।

৩৫৩। *নামাযের প্রথম তকবীরের নাম কি?*

উত্তর ঃ- তাকবীরাতুল ইহরাম বা তাকবীরে তাহরীমা।

৩৫৪। *কোন্ নামাযের ২টি রুকূ?*

উত্তর ঃ- চন্দ্র বা সূর্য গ্রহণের নামায।

৩৫৫। *কোন্ নামাযের ৪টি তাশাহহুদ?*

উত্তর ঃ- মাগরেবের নামাযের দ্বিতীয় রাকআতের রুকুর পর জামাআতে শামিল হলে।

৩৫৬। *কোন্ নামাযে প্রত্যেক রাকআতে তাশাহহুদ পড়তে হয়?*

উত্তর ঃ- মাগরেবের নামাযের দ্বিতীয় রাকআতে রুকূর আগে জামাআতে শামিল হলে অথবা তৃতীয় রাকআতে রুকুর আগে জামাআতে শামিল হলে।

৩৫৭। *আসরের নামায ছুটে গেলে তার শাস্তি কি?*

উত্তর ঃ- আমল ধ্বংস হয়ে যায়, যেন সম্পদ-পরিবার লুট হয়ে যায়।

৩৫৮। *নামাযে কয় জায়গায় মুনাজাতের দুআ পড়া হয়?*

উত্তর ঃ- আট জায়গায়।

৩৫৯। *কোন্ মুনাজাত না পড়লে নামায বাতিল?*

উত্তর ঃ- সূরা ফাতিহা।

৩৬০। *নামাযে কোন্ মুনাজাত পড়া ওয়াজেব?*

উত্তর ঃ- দুআ মা'সূরাহ, যাতে পাঁচটি জিনিস থেকে পানাহ চাওয়া হয়।

৩৬১। *চোখ বুজে নামায পড়া ভাল, নাকি চোখ খুলে? কেন?*

উত্তর ঃ- চোখ খুলে নামায পড়া সুন্নত।

৩৬২। *নামাযে দৃষ্টি থাকবে কোন্ সময় কোথায়?*

উত্তর ঃ- তাশাহহুদের সময় শাহাদাতের আঙ্গুলের উপর এবং বাকী সময় সিজদার



জায়গায়।

৩৬৩। *যে ব্যক্তি কোন নামায পড়তে ভুলে যায় অথবা ঘুমিয়ে পড়ে, তার কাফ্ফারা কি?*

উত্তর ঃ- মনে পড়া বা ঘুম থেকে জাগা মাত্র নামায পড়ে নেওয়া।

৩৬৪। *কাবলাল জুমুআহর সুন্নতে মুআক্কাদাহ কয় রাক্আত?*

উত্তর ঃ- সুন্নতে মুআক্কাদাহ নেই; অনির্দিষ্টভাবে আম সুন্নত আছে।

৩৬৫। *খুতবার আযান চলাকালে মসজিদে এলে আপনি কি করবেন?*

উত্তর ঃ- আযানের জবাব না দিয়ে তাহিয়্যাতুল মাসজিদ পড়ব।

৩৬৬। *খুতবা চলা অবস্থায় মসজিদে এলে দু'রাকআত তাহিয়্যাতুল মাসজিদ ছাড়া আর কার জন্য দু'রাকআত নামায পড়া ওয়াজেব?*

উত্তর ঃ- যার ফজরের নামায কাযা আছে তার জন্য।

৩৬৭। *জুমআর দ্বিতীয় রাকআতে সিজদায় শামিল হলে ইমাম সাহেবের সালাম ফিরার পর আপনি উঠে কয় রাক্আত নামায পড়বেন?*

উত্তর ঃ- চার রাকআত যোহর পড়ব।

৩৬৮। *কোন্ ফরয নামাযের সময় চলে গেলে আর কাযা পড়া হয় না?*

উত্তর ঃ- জুমআহ।

৩৬৯। *কোন্ ফরয নামায এক রাকআত যথেষ্ট?*

উত্তর ঃ- যুদ্ধ-ময়দানে শত্রুর সামনে ইমামের পিছনে।

৩৭০। *কা'বার মসজিদে একটি নামায, কত নামায থেকে শ্রেষ্ঠ?*

উত্তর ঃ- এক লাখ নামায থেকে শ্রেষ্ঠ।

৩৭১। *মসজিদে নববীতে একটি নামায, কত নামায থেকে শ্রেষ্ঠ?*

উত্তর ঃ- এক হাজার নামায থেকে শ্রেষ্ঠ।

৩৭২। *কোথায় নামায পড়লে একটি উমরাহ করার সওয়াব পাওয়া যায়?*

উত্তর ঃ- মদীনার কুবার মসজিদে।

৩৭৩। *কোথায় নামায পড়লে সমস্ত পাপ মোচন হয়ে যায়?*

উত্তর ঃ- ফিলিস্তীনের মাসজিদুল আকসাতে।

৩৭৪। *কোন্ সে পবিত্রা মহিলা, অথচ নাপাকীর গোসলের মত গোসল না করলে তার নামায কবুল হয় না?*

উত্তরঃ- যে মহিলা মসজিদ যেতে খোশ্‌বু ব্যবহার করেছে।

৩৭৫। *কত পরিমাণ টাকা হলে মুসলিমের জন্য যাকাত ফরয হয়?*

উত্তর ঃ- সাড়ে সাত ভরি সোনার মূল্য পরিমাণ টাকা থাকলে।

৩৭৬। *৫ মন আপেলের যাকাত কত কেজি?*

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com

উত্তর ঃ- আপেলের যাকাত নেই।

৩৭৭। ***যে জমির ধান কেবল বৃষ্টির পানিতে হয়, সে ধানের কত ভাগের ভাগ ওশর ফরয?***

উত্তর ঃ- দশভাগের একভাগ।

৩৭৮। ***কয়টি উটে যাকাত ফরয?***

উত্তর ঃ- ৫টি।

৩৭৯। ***কয়টি গরুতে যাকাত ফরয?***

উত্তর ঃ- ৩০টি।

৩৮০। ***কয়টি ছাগলে যাকাত ফরয?***

উত্তর ঃ- ৪০টি।

৩৮১। ***কয়টি ঘোড়াতে যাকাত ফরয?***

উত্তর ঃ- ঘোড়ার যাকাত নেই।

৩৮২। ***যাকাতের ৮ প্রকার হকদারের মধ্যে ধনী পড়ে না। কিন্তু ধনী কোন্ সময় যাকাতের হকদার হয়?***

উত্তর ঃ- যখন মুসাফির অবস্থায় পাথেয় নিঃশেষ অথবা হারিয়ে অথবা চুরি হয়ে যায়। অথবা ঋণ পরিশোধে অক্ষম হয়।

৩৮৩। ***কত কিলো ধান হলে তার যাকাত (ওশর) ফরয?***

উত্তর ঃ- সাড়ে সাতশ' কিলো।

৩৮৪। ***অর্থের যাকাত ফরয হওয়ার জন্য দুটি শর্ত; তা কি কি?***

উত্তর ঃ- নিসাব পরিমাণ হওয়া এবং তা এক বছর পার হওয়া।

৩৮৫। ***১০০ টাকা ঋণ দিলে কত টাকা সদকাহ করার সমান সওয়াব লাভ হয়?***

উত্তর ঃ- ৫০ টাকা।

৩৮৬। ***দশ কিলো চাল ধার দিয়ে যদি ছয় মাস পর বারো কিলো চালের দাম নেয়, তাহলে তা বৈধ না সূদ?***

উত্তর ঃ- বৈধ; কিন্তু শোষণ হতে পারে।

৩৮৭। ***বিনা শর্তে ঋণ দিয়ে পরিশোধ নেওয়ার সময় কেউ অতিরিক্ত কিছু দিলে তা নেওয়া কি সূদ?***

উত্তর ঃ- সূদ নয়, নেওয়া বৈধ।

৩৮৮। ***রমযানের রোযা কত হিজরীতে ফরয হয়েছে?***

উত্তর ঃ- ২ হিজরীতে।

৩৮৯। ***রমযানের রোযার পূর্বে কোন্ রোযা ফরয ছিল?***

উত্তর ঃ- আশূরার রোযা।



৩৯০। ***রোযা ইসলামের কয় নম্বর রুক্ন?***

উত্তর ঃ- চার নম্বর।

৩৯১। ***রোযার জন্য মহান আল্লাহর ৩টি প্রস্তুতির কথা উল্লেখ করুন।***

উত্তর ঃ- জান্নাতের দরজাসমূহ খুলে দেন, জাহান্নামের দরজাসমূহ বন্ধ করে দেন এবং শয়তানদের পায়ে বেড়ি লাগিয়ে দেন।

৩৯২। ***রমযানের মাহাত্ম্য প্রমাণ হয় এমন তিনটি কথা উল্লেখ করুন।***

উত্তর ঃ- রমযানে কুরআন অবতীর্ণ হয়েছে, রমযানে শবেকদর ও শবেবরাত আছে, যা হাজার মাস অপেক্ষা শ্রেষ্ঠ এবং রমযান মাসের উমরাহ নবী ﷺ-এর সাথে হজ্জ করার সমান।

৩৯৩। ***রোযার তিনটি ফযীলত উল্লেখ করুন।***

উত্তর ঃ- একটি রোযা রাখলে জাহান্নাম ৭০ বা ১০০ বছরের পথ দূরে সরে যায়।

৩৯৪। ***"স্বওমে বিস্বাল" কাকে বলে? আল্লাহর নবী ﷺ এ স্বওম বা রোযা পালন করতেন। আমাদের জন্য সে রোযা রাখার মান কি?***

উত্তরঃ- কিছু না খেয়ে একাদিক্রমে রোযা রাখাকে 'স্বওমে বিস্বাল' বলে। আমাদের জন্য তা অবৈধ।

৩৯৫। ***রমযানে উমরাহ করার ফযীলত কি?***

উত্তর ঃ- নবী ﷺ-এর সাথে হজ্জ করার সমান সওয়াব হয়।

৩৯৬। ***রোযাদারকে যে বেহেশ্তে দেওয়া হবে। তার নাম কি?***

উত্তর ঃ- রাইয়ান।

৩৯৭। ***রোযাদারের মুখের দুর্গন্ধ আল্লাহকে কেমন লাগে?***

উত্তর ঃ- কস্তুরী থেকে বেশী সুগন্ধময়।

৩৯৮। ***শেষ দশকে নবী ﷺ ৩টি কাজ করতেন, কি কি?***

উত্তর ঃ- সারারাত্রি নিজে জাগতেন, পরিবারকে জাগাতেন এবং কোমরে কাপড় বেঁধে নিতেন।

৩৯৯। ***মাহরাম (এগানা) কাকে বলে?***

উত্তর ঃ- যার সাথে চিরতরে বিবাহ হারাম।

৪০০। ***গায়র মাহরাম (বেগানা) কাকে বলে?***

উত্তর ঃ- যার সাথে কোনও সময় বিবাহ হালাল।

৪০১। ***শালীর সাথে বিবাহ বৈধ, কিন্তু হারাম কখন?***

উত্তর ঃ- স্ত্রী বেঁচে থাকতে।

৪০২। ***অবিবাহিত ব্যভিচারীর শাস্তি কি?***

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com

উত্তর ঃ- একশ' বেত্রাঘাত।

৪০৩। *বিবাহিত ব্যভিচারীর শাস্তি কি?*

উত্তর ঃ- মাটিতে কোমর পর্যন্ত গেড়ে পাথর ছুঁড়ে হত্যা।

৪০৪। *মূসা নবী ﷺ কত মোহরের বিনিময়ে বিবাহ করেছিলেন?*

উত্তর ঃ- আট অথবা দশ বছরের রাখালির বিনিময়ে।

৪০৫। *স্বামী মৃত্যুবরণ করলে স্ত্রীকে কত দিন ইদ্দত (শোক) পালন করতে হয়?*

উত্তর ঃ- চার মাস দশ দিন।

৪০৬। *কোন্ মহিলার স্বামী মারা যাওয়ার ১ দিন পর বিবাহ করতে পারে?*

উত্তর ঃ- গর্ভবতী মহিলার ১ দিন পর প্রসব করলে।

৪০৭। *কোন্ মহিলার শোক পালনের সময়-সীমা ৯ মাস হতে পারে?*

উত্তর ঃ- গর্ভবতী মহিলার।

৪০৮। *চারটি গুণের নারীই হল সোনায় সোহাগা। যে পুরুষ এমন চারগুণে পরিপূর্ণ নারী পায়, সেই হল সবচেয়ে বড় ভাগ্যবান। ঐ চারটি গুণ কি কি?*

উত্তর ঃ- রূপ, ধন, বংশ ও দ্বীনদারী।

৪০৯। *দু'টি প্রাণীর জন্য যবেহর প্রয়োজন নেই। মরা হলেও তা আমাদের জন্য পবিত্র ও খাওয়া বৈধ। তা কি কি?*

উত্তর ঃ- মাছ ও পঙ্গপাল।

৪১০। *তিন ব্যক্তি ছাড়া অপর কারো জন্য চাওয়া (ভিক্ষা করা) বৈধ নয়। তারা কে কে?*

উত্তর ঃ- (১) যে ব্যক্তি অর্থদন্ডে পড়বে (কারো দিয়াত বা জরিমানা দেওয়ার যামিন হবে), (২) যে ব্যক্তি দুর্যোগগ্রস্ত হবে এবং তার মাল ধ্বংস হয়ে যাবে, (৩) যে ব্যক্তি অভাবী হয়ে পড়বে এবং তার গোত্রের তিনজন জ্ঞানী লোক এ কথার সাক্ষ্য দিবে যে, অমুক অভাবী। অথবা (১) অত্যন্ত অভাবী, (২) চূড়ান্ত দেনা বা জরিমানা দায়ে আবদ্ধ অথবা (৩) পীড়াদায়ক (খুনীর) রক্তপণের জন্য দায়ী ব্যক্তি।

৪১১। *কোন্ নযর মানায় কোন লাভ নেই, বরং তা মকরূহ?*

উত্তর ঃ- শর্তসাপেক্ষের নযর। যেমন, আমার এই হলে এই দেব বা করব।

৪১২। *হারামে কোন্ কোন্ প্রাণী হত্যা বৈধ?*

উত্তর ঃ- ক্ষতিকর প্রাণী; ইঁদুর, সাপ, চিল, এক শ্রেণীর কাক ও ক্ষেপা কুকুর।

৪১৩। *ওরা বলে, 'গানে জ্ঞান বাড়ে।' কিন্তু সলফে সালেহীনগণ কি বলেন?*

উত্তর ঃ- গানে মুনাফেকী সৃষ্টি হয়।

৪১৪। *রাস্তার ৩টি হক উল্লেখ করুন?*

উত্তর ঃ- চক্ষু অবনত করা, সালামের জবাব দেওয়া, পথভুলাকে পথ বলে দেওয়া।

৪১৫। *কখন মানুষ সাবালক ও ভারপ্রাপ্ত হয়?*



উত্তর ঃ- নাভির নিচে পুরু লোম গজানো, বীর্যপাত, (বালিকাদের) মাসিক রেতঃপাত। এসব না দেখা গেলেও তাদের বয়স ১৫ বছর হলেই তাদেরকে সাবালক বা সাবালিকা গণ্য করা হবে।

৪১৬। *গীবত কাকে বলে?*

উত্তর ঃ- কারো পশ্চাতে তার সত্য দোষ বর্ণনা করা।

৪১৭। *গীবতে পরের উপকার হয় কিভাবে?*

উত্তর ঃ- তার বিনিময়ে তাকে সওয়াব দিতে হবে কিয়ামতে।

৪১৮। *কসমের কাফ্ফারা কি?*

উত্তর ঃ- ক্রীতদাস মুক্ত করা অথবা দশ মিসকীনকে অন্নদান করা অথবা বস্ত্রদান করা, এ সবে অক্ষম হলে তিনটি রোযা পালন করা।

৪১৯। *কার উপর জুমআর নামায ফরয নয়?*

উত্তর ঃ- মুসাফির, রোগী, ক্রীতদাস, মহিলার উপর।

৪২০। *কোন্ দিন পাঁচটি জামাআতী নামায জেহরী পড়তে হয়?*

উত্তর ঃ- জুমআর দিন ঈদ হলে।

৪২১। *মৃত্যুর পর কোন্ কোন্ আমলের সওয়াব পাওয়া যায়?*

উত্তর ঃ- সাদকা জারিয়া, ছেলের দুআ ও দান, ফলপ্রসূ ইল্ম, কাযা রোযা, হজ্জ ও উমরাহ।

৪২২। *ফজরের নামায পড়ে দেখলেন, আপনার কাপড়ে বীর্য লেগে আছে। তার মানে আপনার স্বপ্নদোষ হয়েছে কিন্তু মনে নেই। আপনার নামায কি শুদ্ধ?*

উত্তর ঃ- না। কারণ দেহ নাপাক।

৪২৩। *ফজরের নামায পড়ে দেখলেন, আপনার কাপড়ে পায়খানা লেগে আছে। আপনার নামায কি শুদ্ধ?*

উত্তর ঃ- হ্যাঁ। কারণ দেহ পাক, আর অজ্ঞতা মাফ।

৪২৪। *কোন্ সে ইবাদত, যা একই সময়ে পৃথিবীর সকল মানুষের মধ্যে কেবল একাই করতে পারে?*

উত্তর ঃ- হাজ্রে আসওয়াদ চুম্বন।

## ৫। ইতিহাস বিষয়ক প্রশ্নোত্তর বিভাগ

৪২৫। *আদম ﷺ-কে কোন্ অপরাধের কারণে বেহেশ্ত থেকে বের ক'রে দেওয়া হয়?*

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com

উত্তর ঃ- এক প্রকার নিষিদ্ধ গাছ খাওয়ার অপরাধে।

*৪২৬। মা হাওয়াকে কি থেকে সৃষ্টি করা হয়েছিল?*

উত্তর ঃ- আদম عليه السلام-এর পাঁজরের হাড় থেকে।

*৪২৭। হাবীল-কাবীলের মধ্যে কে কাকে হত্যা করেছিল?*

উত্তর ঃ- কাবীল হাবীলকে হত্যা করেছিল।

*৪২৮। কোন্ নবী বালির উপর রেখা টেনে গায়বী খবর জানতে পারতেন?*

উত্তর ঃ- ইদরীস عليه السلام।

*৪২৯। নূহ নবী কত বছর তবলীগের কাজ করেছেন?*

উত্তর ঃ- সাড়ে নয়শত বছর।

*৪৩০। নূহ নবীর যুগের পাঁচজন নেক লোককে কেন্দ্র ক'রে কবর তথা মূর্তিপূজা শুরু হয়, তাঁদের নাম কি?*

উত্তর ঃ- অদ্দ, সুআ', য়্যাগূস, য়্যাউক ও নাস্‌র।

*৪৩১। হূদ নবীর জাতির নাম কি ছিল?*

উত্তর ঃ- আ'দ।

*৪৩২। সালেহ নবীর জাতির নাম কি ছিল?*

উত্তর ঃ- সামূদ।

*৪৩৩। কোন্ নবীর মু'জিযা উটনী ছিল, যা পাথর ফেটে বের হয়েছিল?*

উত্তর ঃ- সালেহ عليه السلام-এর।

*৪৩৪। আবুল আম্বিয়া বা আম্বিয়ার পিতা কোন্ নবী?*

উত্তর ঃ- ইব্রাহীম عليه السلام।

*৪৩৫। নিরাপত্তার কারণে স্ত্রীকে বোন বলেছিলেন কোন্ নবী?*

উত্তর ঃ- ইব্রাহীম عليه السلام।

*৪৩৬। স্ত্রী-পুত্রকে নির্বাসন দিয়েছিলেন কোন্ নবী?*

উত্তর ঃ- ইব্রাহীম عليه السلام।

*৪৩৭। আল্লাহর হুকুম পালন করতে বাপের হাতে যবাই হতে চেয়েছিলেন কোন্ নবী?*

উত্তর ঃ- ইসমাঈল عليه السلام।

*৪৩৮। ইসহাক নবীর পরিচয় কি?*

উত্তর ঃ- তিনি ইসমাঈল عليه السلام-এর ভাই ছিলেন।

*৪৩৯। ইস্রাঈল একজন নবীর নামে একটি ইয়াহুদী দেশের নাম। তিনি কোন্ নবী?*

উত্তর ঃ- ইয়াকূব عليه السلام।

*৪৪০। কোন্ নবী বেটা হারিয়ে কেঁদে কেঁদে অন্ধ হয়ে বেটার জামা চোখে লাগিয়ে*



*দৃষ্টিশক্তি ফিরে পেয়েছিলেন?*

উত্তর ঃ- ইয়াকূব عليه السلام।

*৪৪১। কোন্ নবীকে রাজার হাতে বিক্রি করা হয়েছিল?*

উত্তর ঃ- ইউসুফ عليه السلام-কে।

*৪৪২। কোন্ নবী অবৈধ প্রেমের অপবাদে জেল খেটেছেন?*

উত্তর ঃ- ইউসুফ عليه السلام।

*৪৪৩। কোন্ পুরুষের রূপ দেখে মেয়েরা ফল কাটতে গিয়ে হাত কেটে ফেলেছিল?*

উত্তর ঃ- ইউসুফ عليه السلام।

*৪৪৪। কোন্ নবীর যুগে একটানা ৭ বছর দুর্ভিক্ষ হয়েছিল?*

উত্তর ঃ- ইউসুফ عليه السلام-এর যুগে।

*৪৪৫। আমাদের শরীয়তে চুরির শাস্তিতে হাত কাটা হয়, কিন্তু কোন্ নবীর শরীয়তে চুরির শাস্তিতে চোরকে ক্রীতদাস বানানো হত?*

উত্তর ঃ- ইব্রাহীম عليه السلام-এর শরীয়তে।

*৪৪৬। কোন্ নবীর যুগে তা'যীমী সিজদা বৈধ ছিল?*

উত্তর ঃ- ইউসুফ عليه السلام-এর যুগে।

*৪৪৭। বিন্‌য়্যামীন কে ছিলেন?*

উত্তর ঃ- ইউসুফ عليه السلام-এর আপন ভাই।

*৪৪৮। কোন্ নবীর জাতিকে অপরাধের শাস্তিতে তাদের মাটির উপর ভাগকে নিচের ভাগ ক'রে দেওয়া হয়েছিল?*

উত্তর ঃ- লূত عليه السلام-এর।

*৪৪৯। শুআইব عليه السلام-এর জাতির অপরাধ কি ছিল?*

উত্তর ঃ- ওজনে কম-বেশি করা।

*৪৫০। কোন্ নবীর উপর সোনার পঙ্গপাল অবতীর্ণ হয়েছিল?*

উত্তর ঃ- আইয়ুব عليه السلام-এর উপর।

*৪৫১। কোন্ নবীকে তিমি মাছে গিলে ফেলে সমুদ্র তীরে উগলে দিয়েছিল?*

উত্তর ঃ- ইউনুস عليه السلام-কে।

*৪৫২। কোন্ নবী দুশমনের কোলে মানুষ হন?*

উত্তর ঃ- মূসা عليه السلام।

*৪৫৩। পৃথিবীর ইতিহাসে কোন্ মহিলা নিজের ছেলেকে বুকের দুধ পান করান অথচ তার মজুরীও পান?*

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com

উত্তর ঃ- মূসা (আঃ)-এর মা।

৪৫৪। *কোন্ নবীর সমর্থনে ব্যাঙকে আযাব স্বরূপ পাঠানো হয়েছিল?*
উত্তর ঃ- মূসা (আঃ)-এর।

৪৫৫। *কোন্ নবীর লাঠি সাপ হয়ে যেত?*
উত্তর ঃ- মূসা (আঃ)-এর।

৪৫৬। *এক চড়ে মানুষ মেরেছিলেন কোন্ নবী?*
উত্তর ঃ- মূসা (আঃ)।

৪৫৭। *মহান আল্লাহ তুর পাহাড়ে সরাসরি গায়বী কথা বলেছেন কোন্ নবীর সাথে?*
উত্তর ঃ- মূসা (আঃ)-এর সাথে।

৪৫৮। *কোন্ নবী তোত্লা ছিলেন?*
উত্তর ঃ- মূসা (আঃ)।

৪৫৯। *মূসা (আঃ)-এর এক উস্তাযও নবী। তাঁর নাম কি?*
উত্তর ঃ- খাযির (আঃ)।

৪৬০। *খাযির (আঃ) মূসা (আঃ)-কে শিক্ষা দেওয়ার জন্য আপাতদৃষ্টিতে তিনটি আপত্তিকর কাজ করেছিলেন। তা কি কি?*
উত্তর ঃ- সুন্দর নৌকা ছিদ্র ক'রে দিয়েছিলেন, শিশু হত্যা করেছিলেন এবং বিনা মজুরীতে একটি দেওয়াল বানিয়ে দিয়েছিলেন।

৪৬১। *কোন্ নবীর কণ্ঠসুর বাঁশির মত সুন্দর ছিল?*
উত্তর ঃ- দাউদ (আঃ)-এর।

৪৬২। *কোন্ নবীর সাথে পশু-পক্ষী ও পাহাড়-পর্বত তসবীহ পাঠ করত?*
উত্তর ঃ- দাউদ (আঃ)-এর সাথে।

৪৬৩। *বাইতুল মাক্বদিস বানান কোন্ নবী?*
উত্তর ঃ- সুলাইমান (আঃ)।

৪৬৪। *কোন্ নবী পাখীর ভাষা বুঝতেন?*
উত্তর ঃ- সুলাইমান (আঃ)।

৪৬৫। *কোন্ নবীর রাষ্ট্রদূত পাখী ছিল?*
উত্তর ঃ- সুলাইমান (আঃ)-এর।

৪৬৬। *সুলাইমান (আঃ)-এর এক স্ত্রী ছিলেন এক দেশের রানী। তাঁর নাম কি ছিল?*
উত্তর ঃ- বিলকীস।



৪৬৭। *কোন্ নবীকে ১০০ বছর মৃত রাখার পর পুনরায় জীবিত করা হয়েছিল?*
উত্তর ঃ- উযাইর (আঃ)-কে।

৪৬৮। *যাকারিয়া (আঃ) পেশায় কি ছিলেন?*
উত্তর ঃ- ছুতোর।

৪৬৯। *বৃদ্ধ বয়সে সন্তান হয় কোন্ নবীর?*
উত্তর ঃ- ইব্রাহীম ও যাকারিয়া (আলাইহিমাস সালাম)এর।

৪৭০। *কোন্ নবীর মাথাকে করাত দিয়ে চিরা হয়েছিল?*
উত্তর ঃ- যাকারিয়া (আঃ)-এর।

৪৭১। *ইয়াহয়্যা (আঃ) ঈসা (আঃ)-এর সম্পর্কে কে ছিলেন?*
উত্তর ঃ- খালাতো ভাই।

৪৭২। *কোন নবীর স্পর্শে অন্ধ চক্ষু ফিরে পেত, মৃত জীবন ফিরে পেত?*
ঈসা (আঃ)-এর।

৪৭৩। *ঈসা (আঃ)-এর আব্বার নাম কি ছিল?*
উত্তর ঃ- তাঁর আব্বা ছিল না।

৪৭৪। *ঈসা (আঃ)-এর উল্লেখের সময় ঈসা বিন মারয়্যাম বা মারয়্যাম তনয় ঈসা বলা হয় কেন?*
উত্তর ঃ- যেহেতু তিনি বিনা পিতার জন্ম ছিলেন।

৪৭৫। *হিজরত কাকে বলে?*
উত্তর ঃ- ঈমান ও দ্বীন বাঁচানোর উদ্দেশ্যে স্বদেশ ত্যাগ করাকে হিজরত বলে।

৪৭৬। *হিজরতে মহানবী (ﷺ)-এর সঙ্গী কে ছিলেন?*
উত্তর ঃ- আবূ বাকর সিদ্দীক (রাঃ)।

৪৭৭। *বদর যুদ্ধে কতজন সাহাবী অংশগ্রহণ করেন? এবং কতজন শহীদ হন?*
উত্তর ঃ- ৩১৩ বা ৩১৪ জন। শহীদ হন ১৪ জন।

৪৭৮। *উহুদ যুদ্ধে হার হল কোন্ ভুলের কারণে?*
উত্তর ঃ- রুমাত পাহাড়ে মোতায়েনকৃত তীরন্দাজদের ভুলের কারণে।

৪৭৯। *কা'বা শরীফের ভিতরে কয় খানা মূর্তি রাখা ছিল।*
উত্তর ঃ- ৩৬০ খানা।

৪৮০। *প্রথম রসূল কে?*
উত্তর ঃ- নূহ (আঃ)।

৪৮১। *মহানবী (ﷺ)-কে ইমামুল আম্বিয়া বা আম্বিয়াগণের ইমাম বলা হয় কেন? তিনি কি তাঁদেরকে নামায পড়িয়েছিলেন? কখন ও কোথায়?*

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com

উত্তর ঃ- ইসরা ও মি'রাজের রাতে মাসজিদুল আক্বসায়।

৪৮২। ***আবূ জেহেলের মৃত্যু কোথায় হয়?***

উত্তর ঃ- বদর প্রান্তরে যুদ্ধে।

৪৮৩। ***আল্লাহর নবী ﷺ ও আবূ বাক্‌র সিদ্দীক ؓ হিজরতের সময় কোথায় লুকিয়ে ছিলেন?***

উত্তর ঃ- সওর গুহায়।

৪৮৪। ***স্ত্রী ছেড়ে নাপাক অবস্থায় জিহাদের আহবানে গিয়েছিলেন হানযালা ؓ। এটি কোন্ যুদ্ধে?***

উত্তর ঃ- উহুদ যুদ্ধে।

৪৮৫। ***ফিরিশ্‌তা গোসল দিয়েছেন কার লাশের?***

উত্তর ঃ- হানযালা ؓ-এর।

৪৮৬। ***কোন্ সাহাবী ব্যক্তি এক ওয়াক্তের নামায না পড়েই বেহেশ্‌ত গেছেন?***

উত্তর ঃ- আম্‌র বিন সাবেত, উহুদ যুদ্ধে শহীদ হয়ে।

৪৮৭। ***আশূরার রোযা কখন থেকে রাখা শুরু হয়?***

উত্তর ঃ- ইসলামের পূর্ব থেকেই।

৪৮৮। ***মক্কা বিজয়ের পর মহানবী ﷺ মুশরিকদেরকে কি শাস্তি দিয়েছিলেন? তিনি তাদেরকে কি বলেছিলেন?***

উত্তর ঃ- তিনি তাদেরকে ক্ষমা ক'রে বলেছিলেন, আজ তোমাদের বিরুদ্ধে কোন অভিযোগ নেই। আল্লাহ তোমাদেরকে ক্ষমা করুন এবং তিনিই সর্বশ্রেষ্ঠ দয়ালু।

৪৮৯। ***আব্বার কবর যিয়ারত ক'রে ফিরার পথে আম্মা মারা গেলেন। তখন নবী ﷺ-এর বয়স কত?***

উত্তর ঃ- ছয় বছর।

৪৯০। ***নবী ﷺ-এর আব্বার কবর কোথায় এবং তাঁর আম্মার কবর কোথায়?***

উত্তর ঃ- আব্বার কবর মদীনায় এবং আম্মার কবর মক্কার আবওয়া নামক জায়গায়।

৪৯১। ***কত বছর বয়সে মহানবী ﷺ নবুঅত পান?***

উত্তর ঃ- চল্লিশ বছর বয়সে।

৪৯২। ***ইসরা কাকে বলে?***

উত্তর ঃ- নবী ﷺ-এর মক্কা থেকে ফিলিস্তীনের বায়তুল মাক্বদিস রাতারাতি ভ্রমণ করাকে 'ইসরা' বলা হয়।

৪৯৩। ***মি'রাজ কাকে বলে?***

উত্তর ঃ- ফিলিস্তীনের বায়তুল মাক্বদিস থেকে সপ্তাকাশ ও জান্নাত-জাহান্নাম রাতারাতি ভ্রমণ করা তথা আল্লাহর সাথে সাক্ষাৎ করার সফরকে 'মি'রাজ' বলা হয়।



৪৯৪। ***সপ্তম আসমানে কোন্ নবীর সাথে নবী ﷺ-এর সাক্ষাৎ হয়?***

উত্তর ঃ- ইব্রাহীম ؑ-এর সাথে।

৪৯৫। ***নবী ﷺ-এর কয়বার ও কখন কখন সিনাচাক হয়?***

উত্তর ঃ- দুইবার; মা হালীমার ঘরে থাকাকালে শিশুবেলায় এবং মি'রাজে যাওয়ার পূর্বে।

৪৯৬। ***আল্লাহর নবী ﷺ-কে বিষ খাওয়ানো হয়েছিল কোথায়?***

উত্তর ঃ- খাইবারে।

৪৯৭। ***আবূ তুরাব কোন্ সাহাবীর উপনাম ছিল?***

উত্তর ঃ- আলী ؓ-এর।

৪৯৮। ***নবী ﷺ-এর ৫টি স্ত্রীর নাম বলুন।***

উত্তর ঃ- খাদীজা, আয়েশা, হাফসা, উম্মে হাবীবা, উম্মে সালামা। (রাঃ)

৪৯৯। ***নবী ﷺ-এর সাথে প্রথম কার বিবাহ হয়? তখন উভয়ের বয়স কত?***

উত্তর ঃ- খাদীজা (রাঃ)-এর। তখন তাঁর বয়স চল্লিশ এবং নবী ﷺ-এর বয়স পঁচিশ বছর ছিল।

৫০০। ***মহানবী ﷺ-এর স্ত্রীগণের মধ্যে "উম্মুল মাসাকীন" কার পদবী ছিল?***

উত্তরঃ- হযরত যয়নাব বিন্তে খুযাইমাহ (রাঃ)।

৫০১। ***বিবাহের আগে মহানবী ﷺ কোন্ স্ত্রীকে স্বপ্নে দেখেছিলেন?***

উত্তর ঃ- আয়েশা (রাঃ)কে।

৫০২। ***নবী ﷺ-এর সাথে কোন্ স্ত্রীর বিবাহ বিদেশে হয়েছিল?***

উত্তর ঃ- উম্মে হাবীবাহ রামলাহর (হাবশায়)।

৫০৩। ***কোন স্ত্রীর সাথে নবী ﷺ-এর বিবাহ আসমানে হয়েছিল?***

উত্তর ঃ- যয়নাব বিন্তে জাহশ (রাঃ)-এর সাথে।

৫০৪। ***মহানবী ﷺ-এর কোন্ স্ত্রীর চরিত্রে কলঙ্ক দেওয়া হয়েছিল?***

উত্তর ঃ- আয়েশা (রাঃ)-এর চরিত্রে।

৫০৫। ***নবী ﷺ-এর ৪টি পুত্রের নাম কি?***

উত্তর ঃ- কাসেম, তাহের, ত্বাইয়িব ও ইব্রাহীম।

৫০৬। ***নবী ﷺ-এর ৪টি কন্যার নাম কি?***

উত্তর ঃ- যায়নাব, রুক্বাইয়্যা, উম্মে কুলযুম ও ফাতেমা। (রাঃ)

৫০৭। ***নবী ﷺ কোন্ দিনে কুবার মসজিদ যিয়ারত করতেন?***

উত্তর ঃ- শনিবার।

৫০৮। ***কা'বা শরীফের ত্যক্ত অংশটির নাম কি?***

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com

উত্তর ঃ- হাত্বীম। (প্রচলিত ভুল নাম ঃ হিজরে ইসমাঈল।)

*৫০৯। ফাতেহা ইয়াযদহম কি?*

উত্তর ঃ- শায়খ আব্দুল কাদের জীলানী (রাহিমাহুল্লাহ)-এর অফাত উপলক্ষ্যে পালনীয় পরবের দিন। ফারসী ভাষায় 'ইয়াযদহম' মানে ১১তম। যেহেতু রবিউস সানী মাসের ১১ তারীখে তাঁর অফাত হয়, সেহেতু এই দিনটিকে বিদআতী মুসলমানরা 'ফাতিহা ইয়াদহম' নামে স্মরণ ও পালন করে থাকে।

*৫১০। আখেরী চাহার শোম্বা কি?*

উত্তর ঃ- ফারসী ভাষায় 'আখেরী চাহার শোম্বা' মানে হল, শেষ বুধবার। সফর মাসে আমাদের প্রিয় নবী মুহাম্মাদ ﷺ নাকি কিছুদিন অসুস্থ থেকে এই মাসের শেষ বুধবার তিনি রোগমুক্ত হয়ে স্নানাহার করেছিলেন। সেই জন্য এ দিনে বহু মুসলমান বিদআতী পরব পালন করে থাকে।

*৫১১। ফাতেহা দোয়াযদহম কি?*

উত্তর ঃ- ফারসী ভাষায় 'দোয়াযদহম' মানে হল ১২তম। রবিউল আওয়াল মাসের ১২ তারীখে রসূলে কারীম ﷺ পৃথিবী হতে বিদায় নিয়েছিলেন বলে মুসলিম জাহানের বিদআতী মুসলমান এই দিনটিকে 'ফাতিহা দোয়াযদহম' নামে অভিহিত করে বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে পালন করে থাকে।

*৫১২। কোন্ সাহাবীর সাক্ষী দু'জন সাক্ষীর সমান?*

উত্তর ঃ- খুযাইমা বিন সাবেত।

*৫১৩। কাদেয়ানী মযহাবের ঝুটা নবীর নাম কি?*

উত্তর ঃ- মির্জা গোলাম আহমাদ কাদেয়ানী।

*৫১৪। নবীর মহব্বতে ওয়েস ক্বারনী তাঁর একজন বড় ভক্ত ছিলেন। তিনি কি সাহাবী?*

উত্তর ঃ- তাবেয়ী।

*৫১৫। মদীনায় পৌঁছে মহানবী ﷺ কার বাড়ির মেহমান হয়েছিলেন?*

উত্তর ঃ- আবূ আইয়ুব আনসারী ﷺ-এর বাড়ির।

*৫১৬। মুনাফেকদের প্রথম দল-নেতার নাম কি?*

উত্তর ঃ- আব্দুল্লাহ বিন উবাই বিন সালূল।

*৫১৭। আল্লাহর রসূল ﷺ-এর যে চাচা মরণের সময়ও তাঁর কথা না মেনে কলেমা না পড়ে মারা গেলেন, তাঁর নাম কি ছিল?*

উত্তর ঃ- আবূ তালেব।

*৫১৮। আল্লাহর রসূল ﷺ-কে যাদু করেছিল কে?*



উত্তর ঃ- লাবীদ বিন আ'স্বাম ইয়াহুদী।

*৫১৯। যাদু শিক্ষার মূলকেন্দ্র কোথায় ছিল?*

উত্তর ঃ- ইরাকের বাবেল বা ব্যাবিলন শহর।

*৫২০। তবুক যুদ্ধের সাজ-সরঞ্জাম যিনি প্রস্তুত করে দেন, সেই সাহাবীর নাম কি?*

উত্তর ঃ- উষমান বিন আফফান ﷺ।

*৫২১। মহানবী ﷺ কেবলমাত্র একজন সাহাবীর জন্য নিজের মা-বাপ উভয়কে উৎসর্গ করেছিলেন। সে সাহাবীর নাম কি? কোন সময় এবং কেন এ উৎসর্গ?*

উত্তরঃ- তাঁর নাম সা'দ বিন আবী অক্কাস। এটি ছিল উহুদ যুদ্ধকালে। কারণ তিনি বীরত্ব ও সফলতার সাথে তীর মেরে মেরে মুশরিকদেরকে রাসূলুল্লাহ ﷺ হতে দূরে সরিয়ে রাখেন।

*৫২২। মক্কা-বিজয় যুদ্ধ কত হিজরীতে হয়েছিল?*

উত্তর ঃ- ৮ম হিজরীতে।

*৫২৩। পৃথিবীর কোন্ মসজিদ বছরে মাত্র একদিন মুসল্লীতে সরগরম হয়?*

উত্তর ঃ- আরাফার নামিরাহ মসজিদ।

*৫২৪। জেরুজালেমের আধুনিক নাম কি?*

উত্তর ঃ- আল-কুদ্স।

*৫২৫। জেরুজালেমের পুরাতন নাম কি?*

উত্তর ঃ- ঈলিয়া।

*৫২৬। পৃথিবীর সবচেয়ে পুরাতন শহরের নাম কি?*

উত্তর ঃ- দেমাস্ক (সিরিয়া)।

*৫২৭। স্বামী-স্ত্রী মিথ্যা নবুঅতের দাবিদারদের নাম কি?*

উত্তর ঃ- মুসাইলিমাহ-সাজাহ।

*৫২৮। কোন্ কবিকে তার কবিতা হত্যা করেছে?*

উত্তর ঃ- মুতানাব্বী।

*৫২৯। ইমাম আহমাদ বিন হাম্বলকে জেলে রেখে প্রহার করা হয়েছিল কোন্ অপরাধে?*

উত্তর ঃ- 'কুরআন আল্লাহর কালাম, কোন সৃষ্টি নয়' এই ফতোয়া দেওয়ার অপরাধে।

*৫৩০। রাজকর্তৃপক্ষের মার খাওয়ার পরে হাত ছেড়ে নামায পড়েছেন কোন্ ইমাম?*

উত্তর ঃ- ইমাম মালেক।

*৫৩১। কোন্ নবীকে তিমি মাছে গিলে নিয়ে পুনরায় উদ্‌গিরণ করেছিল?*

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com

উত্তর ঃ- ইউনুস নবী।

৫৩২। ***কোন্ সাহাবী সর্বশেষে মৃত্যুবরণ করেন?***

উত্তর ঃ- আবুত তুফাইল আমের বিন ওয়াষিলাহ আল-লাইষী।

৫৩৩। ***ইসলামের প্রথম নার্স কে?***

উত্তর ঃ- রুফাইদাহ বিন্তে সা'দ।

৫৩৪। ***কোন্ সাহাবীর উপর নবী ﷺ সত্তর বার জানাযা পড়েছেন?***

উত্তর ঃ- হামযাহ ﷺ।

৫৩৫। ***মহান আল্লাহ মুহাম্মাদ ﷺ-এর সাথে কোথায় কথা বলেছেন?***

উত্তর ঃ- সাত আসমানের উপরে।

৫৩৬। ***মহান আল্লাহ মূসা ﷺ-এর সাথে কোথায় কথা বলেছেন?***

উত্তর ঃ- তুর পাহাড়ে।

৫৩৭। ***এক ফির্কা কা'বা ঘরের হাজরে আসওয়াদ চুরি ক'রে বাহরাইন নিয়ে যায়। সে ফির্কার নাম কি?***

উত্তর ঃ- ক্বারামিত্বাহ।

৫৩৮। ***মহানবী ﷺ কয়টি যুদ্ধে সশরীরে শরীক হয়েছিলেন?***

উত্তর ঃ- ৯টি যুদ্ধে।

৫৩৯। ***চার খলীফার মধ্যে কোন্ কোন্ খলীফার মৃত্যু হত্যার মাধ্যমে হয়েছিল?***

উত্তর ঃ- উমার, উষমান ও আলী।

৫৪০। ***আলী ﷺ-কে ছোরা মেরে কে হত্যা করেছিল?***

উত্তর ঃ- আব্দুর রহমান বিন মুলজিম।

৫৪১। ***উমার ﷺ-কে ছোরা মেরে হত্যা করেছিল?***

উত্তর ঃ- আবূ লু'লুআহ মাজূসী।

৫৪২। ***আল্লাহর উন্মুক্ত তরবারি কোন্ সাহাবী?***

উত্তর ঃ- খালেদ বিন অলীদ।

৫৪৩। ***নূহ নবী ﷺ কত বছর দাওয়াতের কাজ করেছেন?***

উত্তর ঃ- ৯৫০ বছর।

৫৪৪। ***হাদীস জমা করতে নির্দেশ দেন কে?***

উত্তর ঃ- উমার বিন আব্দুল আযীয।

৫৪৫। ***পাথরের উপর মূসা ﷺ-এর লাঠির আঘাতে কয়টি ঝর্ণা প্রবাহিত হয়েছিল?***

উত্তর ঃ- ১২টি।



৫৪৬। ***একটি মাত্র ব্যক্তির উপর গায়েবানা জানাযা পড়ার কথা প্রমাণ আছে, তিনি কে?***

উত্তর ঃ- হাবশার রাজা নাজাশী।

৫৪৭। ***কোন্ নবীর জাতি ওজনে কম-বেশীর অপরাধ করত?***

উত্তর ঃ- শুআইব নবীর ﷺ।

৫৪৮। ***কোন্ সাহাবীকে দেখে শয়তান পলায়ন করত?***

উত্তর ঃ- উমার বিন খাত্তাব ﷺ-কে।

৫৪৯। ***লাঠির উপর ভর দিয়ে এক নবী দাঁড়িয়ে ছিলেন, এমন অবস্থায় তাঁর জান কবয হয়। তিনি কোন্ নবী?***

উত্তর ঃ- সুলাইমান নবী ﷺ।

৫৫০। ***কোন্ নবী 'সিদ্দীক' নামে প্রসিদ্ধ?***

উত্তর ঃ- ইউসুফ ﷺ।

৫৫১। ***কোন্ সাহাবী 'সিদ্দীক' নামে প্রসিদ্ধ?***

উত্তর ঃ- আবূ বাক্র ﷺ।

৫৫২। ***মহানবী ﷺ-এর ইন্তিকাল হয় কোন্ স্ত্রীর বাসায়?***

উত্তর ঃ- আয়েশা (রাঃ)।

৫৫৩। ***কোন শহরের পূর্ব দিকে ঈসা ﷺ আসমান হতে অবতরণ করবেন?***

উত্তর ঃ- দিমাস্ক শহর।

৫৫৪। ***কোন্ সাহাবীর ঈমান সকল উম্মতের ঈমান অপেক্ষা ওজনে বেশী?***

উত্তর ঃ- আবূ বাক্র সিদ্দীক ﷺ-এর।

৫৫৫। ***ইসলামের প্রথম রাজা কে?***

উত্তর ঃ- মুআবিয়া ﷺ।

৫৫৬। ***প্রথম মহিলা শহীদকে হত্যা করেছিল কে?***

উত্তর ঃ- আবূ জাহল।

৫৫৭। ***যে পাহাড়ে নূহের কিশ্তী থেমেছিল, সেই 'জূদী' পাহাড়টি কোথায়?***

উত্তর ঃ- তুর্কিয়ায়।

৫৫৮। ***দুই মুসলিম ও দুই কাফের বাদশা সারা পৃথিবী জুড়ে বাদশাহী করেছেন, তাঁরা কারা?***

উত্তর ঃ- সুলাইমান ও যুলক্বারনাইন, নমরূদ ও বুখতেনাস্র।

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com



# ৬। সর্বপ্রথম ও সর্বশেষ বিষয়ক প্রশ্নোত্তর বিভাগ

৫৫৯। ***মহান স্রষ্টার সর্বপ্রথম সৃষ্টি কি?***
উত্তর ঃ- কলম।
৫৬০। ***পৃথিবীর ইতিহাসে প্রথম মূর্তিপূজা কখন শুরু হয়?***
উত্তর ঃ- নূহ عليه السلام-এর যুগে।
৫৬১। ***পৃথিবীর ইতিহাসে সর্বপ্রথম গরুপূজা কারা করে?***
উত্তর ঃ- বানী ইস্রাঈল (ইয়াহুদীরা)।
৫৬২। ***কিয়ামতের সময় সর্বপ্রথম কবর থেকে পুনর্জীবিত হবেন কে?***
উত্তর ঃ- সর্বশেষ নবী ﷺ।
৫৬৩। ***কিয়ামতের দিনে শেষ শৃঙ্গারের ফুৎকারের পর কোন্ নবী প্রথম জ্ঞান ফিরে পাবেন অথবা তিনি অজ্ঞান হবেন না?***
উত্তর ঃ- মূসা নবী عليه السلام।
৫৬৪। ***কিয়ামতের দিন নারী-পুরুষ সকলের উলঙ্গ অবস্থায় হাশর হবে। সর্বপ্রথম কাকে কাপড় পরানো হবে?***
উত্তর ঃ- ইব্রাহীম عليه السلام-কে।
৫৬৫। ***জান্নাতের প্রথম খাবার কি?***
উত্তর ঃ- মাছের কলিজা।
৫৬৬। ***জ্বিন-ইনসানের মধ্যে সর্বপ্রথম বেহেশ্‌তে প্রবেশ করবেন কে?***
উত্তর ঃ- সর্বশেষ নবী ﷺ।
৫৬৭। ***পৃথিবীর সর্বপ্রথম কে সাফা-মারওয়ার সাঈ করেন?***
উত্তর ঃ- হাজার (হাজেরা)।
৫৬৮। ***পৃথিবীর প্রথম মসজিদ কোন্‌টি?***



উত্তর ঃ- কা’বা।
৫৬৯। ***ইসলামের প্রথম মসজিদ কোন্‌টি?***
উত্তর ঃ- মসজিদে কুবা।
৫৭০। ***পৃথিবীর প্রথম সন্তান কে?***
উত্তর ঃ- কাবীল।
৫৭১। ***পৃথিবীর সর্বপ্রথম খুনী কে?***
উত্তর ঃ- কাবীল।
৫৭২। ***প্রথম কলম দ্বারা লিখেন ও সিলাই করেন কে?***
উত্তর ঃ- ইদরীস عليه السلام।
৫৭৩। ***সর্বপ্রথম ইসলাম গ্রহণ করেন কে?***
উত্তর ঃ- (পুরুষদের মধ্যে) আবূ বকর, (কিশোরদের মধ্যে) আলী, (দাসদের মধ্যে) যায়দ, (মহিলাদের মধ্যে) খাদীজা, (আনসারদের মধ্যে) জাবের বিন আব্দুল্লাহ।
৫৭৪। ***সর্বপ্রথম আযান দেন কে?***
উত্তর ঃ- বিলাল رضي الله عنه।
৫৭৫। ***(ইসলামে) প্রথম মসজিদ বানান কে?***
উত্তর ঃ- আম্মার।
৫৭৬। ***সর্বপ্রথম তলোয়ার ধরেন কে?***
উত্তর ঃ- যুবাইর رضي الله عنه।
৫৭৭। ***সর্বপ্রথম খলীফা কে?***
উত্তর ঃ- আবূ বাক্‌র رضي الله عنه।
৫৭৮। ***সর্বপ্রথম আমীরুল মু’মিনূন খেতাব কার?***
উত্তর ঃ- উমার رضي الله عنه-এর।
৫৭৯। ***সর্বপ্রথম কুরআন জমা করেন কে?***
উত্তর ঃ- আবূ বাক্‌র رضي الله عنه।
৫৮০। ***হত্যার পূর্বে সর্বপ্রথম দু’ রাকআত নামায সুন্নত করেন কে?***
উত্তর ঃ- খুবাইব বিন আদী رضي الله عنه।
৫৮১। ***ইসলামে সর্বপ্রথম তীর চালান কে?***
উত্তর ঃ- সা’দ বিন আবী অক্কাস رضي الله عنه।
৫৮২। ***বাকী’ কবরস্থানে সর্বপ্রথম কবর হয় কার?***
উত্তর ঃ- উষমান বিন মাযঊনের رضي الله عنه।
৫৮৩। ***সর্বপ্রথম খতনা করেন কে?***

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com

উত্তর ঃ- হযরত ইব্রাহীম ﷺ।

৫৮৪। *সর্বপ্রথম চুল পাকে কার?*

উত্তর ঃ- হযরত ইব্রাহীম ﷺ-এর।

৫৮৫। *সর্বপ্রথম মিম্বরে খুতবা দেন কে?*

উত্তর ঃ- হযরত ইব্রাহীম ﷺ।

৫৮৬। *সর্বপ্রথম ডাক পাঠান কে?*

উত্তর ঃ- হযরত ইব্রাহীম ﷺ।

৫৮৭। *সর্বপ্রথম দাঁতন করেন কে?*

উত্তর ঃ- হযরত ইব্রাহীম ﷺ।

৫৮৮। *সর্বপ্রথম পায়জামা পরেন কে?*

উত্তর ঃ- হযরত ইব্রাহীম ﷺ।

৫৮৯। *আল্লাহর রাস্তায় সর্বপ্রথম তীর চালান কে?*

উত্তর ঃ- সা'দ বিন আবী অক্কাস ﷺ।

৫৯০। *সর্বপ্রথম আযানের মিনার ব্যবহার করা হয় কোথায়?*

উত্তর ঃ- দিমাস্কের জামে মসজিদে।

৫৯১। *সর্বপ্রথম চিড়িয়াখানা নির্মিত হয় কোন্ দেশে?*

উত্তর ঃ- চিন দেশে।

৫৯২। *সর্বপ্রথম ফুটবল খেলা চালু করা হয় কোন্ দেশে?*

উত্তর ঃ- চিন দেশে, প্রায় ৩০০০ খ্রিষ্টাব্দপূর্বে।

৫৯৩। *অপারেশনের জায়গা অবশ করে সর্বপ্রথম অপারেশন হয় কোথায় ও কখন?*

উত্তর ঃ- জোর্জিয়াতে ১৮৪২ খ্রিষ্টাব্দের ৩০ মার্চ।

৫৯৪। *সীজার করে সর্বপ্রথম বাচ্চার নাম কি?*

উত্তর ঃ- সীজার (কাইসার, কাইজার)। এটি রোমান সম্রাটের উপাধি। তিনিই সর্বপ্রথম ঐ পদ্ধতিতে জন্ম লাভ করেন বলে এই জন্ম-পদ্ধতির ঐ নাম পড়ে যায়।

৫৯৫। *সর্বপ্রথম মুসাফাহা চালু করে কারা?*

উত্তর ঃ- ইয়ামানবাসীরা।

৫৯৬। *সর্বপ্রথম বারুদ তৈরী হয় কোথায়?*

উত্তর ঃ- চিনে। ব্যবহার করে চেঙ্গিজ খান।

৫৯৭। *সর্বপ্রথম সার্কাস চালু হয় কোথায়?*

উত্তর ঃ- প্রাচীন রোম (ইটালী)তে।

৫৯৮। *সর্বপ্রথম সশব্দে কুরআন পাঠ করেন কে?*



উত্তর ঃ- ইবনে মাসউদ ﷺ মক্কায় মাক্বামে ইব্রাহীমের কাছে চাশ্তের সময় সশব্দে সূরা রাহমানের প্রথমাংশ তেলাঅত করেন।

৫৯৯। *কাবা-গৃহের চারিপাশে সর্বপ্রথম মসজিদ নির্মাণ করেন কে?*

উত্তর ঃ- উমার বিন খাত্তাব ﷺ।

৬০০। *সর্বপ্রথম মুদ্রার নোট ব্যবহার হয় কোথায়?*

উত্তর ঃ- চিনে।

৬০১। *সর্বপ্রথম ডাক টিকিট চালু হয় কোথায়?*

উত্তর ঃ- ব্রিটেনে, রানী ভিক্টোরিয়ার ছবি নিয়ে।

৬০২। *সর্বপ্রথম পৃথিবীর মানচিত্র অঙ্কন করেন কে?*

উত্তর ঃ- আল-ইদরীসী। ইনি রূপার একটি বল বানিয়ে তার উপর বিভিন্ন দেশের নকশা আঁকেন।

৬০৩। *পৃথিবীর ইতিহাসে সর্বপ্রথম চিঠিতে 'বিসমিল্লাহির রাহমানির রাহীম' লিখেন কে?*

উত্তর ঃ- নবী সুলাইমান ﷺ।

৬০৪। *বানী ইস্রাঈলের সর্বপ্রথম ফিতনা কি নিয়ে ছিল?*

উত্তর ঃ- মহিলা নিয়ে।

৬০৫। *পৃথিবীর ইতিহাসে সর্বপ্রথম হিজরতকারী কে?*

উত্তর ঃ- ইব্রাহীম ﷺ।

৬০৬। *এ উম্মত থেকে সর্বপ্রথম কোন্ ইল্ম উঠে যাবে?*

উত্তর ঃ- ফারায়েযের ইল্ম।

৬০৭। *সর্বপ্রথম হিজরী সাল কে গণনা করেন?*

উত্তর ঃ- উমার ﷺ।

৬০৮। *পৃথিবীর ইতিহাসে সর্বপ্রথম কাফের কে?*

উত্তর ঃ- ইবলীস।

৬০৯। *পৃথিবীর ইতিহাসে সর্বপ্রথম অহংকার কে করে?*

উত্তর ঃ- ইবলীস।

৬১০। *বিশ্বের প্রথম পাপ কি?*

উত্তর ঃ- হিংসা ও অহংকার। (ইবলীস করেছিল।)

৬১১। *কিয়ামতের দিন আল্লাহর হক বিষয়ক সর্বপ্রথম হিসাব কিসের হবে?*

উত্তর ঃ- নামাযের।

৬১২। *কিয়ামতের দিন বান্দার হক বিষয়ক সর্বপ্রথম হিসাব কিসের হবে?*

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com

উত্তর ঃ- খুনের।

৬১৩। *কিয়ামতের দিন আল্লাহর নেয়ামত বিষয়ক সর্বপ্রথম হিসাব কিসের হবে?*

উত্তর ঃ- ঠান্ডা পানির।

৬১৪। *কিয়ামতের সর্বশেষ নিদর্শন কি?*

উত্তর ঃ- ইয়ামান থেকে নির্গত আগুন।

৬১৫। *ইসলামে সর্বপ্রথম মহিলা শহীদ কে?*

উত্তর ঃ- সুমাইয়্যা (রাঃ)।

৬১৬। *সর্বপ্রথম ফিকহের কিতাব রচনা করেন কে?*

উত্তর ঃ- ইমাম মালেক (রাহিমাহুল্লাহ)।

৬১৭। *মহানবী ﷺ-এর সর্বশেষ অসিয়ত কি ছিল?*

উত্তর ঃ- নামায ও ক্রীতদাস-দাসীর ব্যাপারে সতর্ক হও।

৬১৮। *সৃষ্টির মধ্যে সর্বশেষে মৃত্যু কার হবে?*

উত্তর ঃ- মৃত্যুর।

৬১৯। *সর্বপ্রথম আণবিক বোমা ব্যবহার করে কারা কাদের উপর?*

উত্তর ঃ- আমেরিকা জাপানের হিরোশিমার উপর।

## ৭। সাধারণ জ্ঞান বিষয়ক প্রশ্নোত্তর বিভাগ

৬২০। *আলোর গতি সেকেন্ডে কত?*

উত্তর ঃ- ১ লক্ষ ৮৬ হাজার মাইল।

৬২১। *আলো থেকেও বেশী গতি কার?*

উত্তর ঃ- দৃষ্টির।

৬২২। *কোন্ প্রশ্নের উত্তর কোন সময় এক হয় না?*

উত্তর ঃ- কয়টা বাজে?

৬২৩। *নড়ে না সরে না অথচ সারা পৃথিবীতে পৌঁছেছে কে?*

উত্তর ঃ- রাস্তা।

৬২৪। *হিমালয় মানে কি?*

উত্তর ঃ- বরফের ঘর।

৬২৫। *যে ঋণ দেয় তাকে বাংলায় কি বলে?*

উত্তর ঃ- উত্তমর্ণ।

৬২৬। *যে ঋণ গ্রহণ করে তাকে বাংলায় কি বলে?*

উত্তর ঃ- অধমর্ণ।



৬২৭। *মুসলিম রাষ্ট্র কয়টি?*

উত্তর ঃ- ৫৭টি।

৬২৮। *কোন্ জিনিস ব্যবহার করতে হলে ফেলতে হয়?*

উত্তর ঃ- জাল।

৬২৯। *সমুদ্রের উপর ২৫ কিমি লম্বা ব্রিজটি কোথায়?*

উত্তর ঃ- সউদিয়া-বাহরাইনের মাঝে।

৬৩০। *অলিম্পিকের পাঁচটি বালার চিহ্ন কি বুঝায়?*

উত্তর ঃ- ৫টি মহাদেশ।

৬৩১। *উটপাখীর ১টি ডিম সিদ্ধ করতে যদি ১ঘন্টা ১৫ মিনিট লাগে, তাহলে ১০টি ডিম সিদ্ধ করতে কত সময় লাগে?*

উত্তর ঃ- একই সময়।

৬৩২। *কোন্ জিনিস যার প্রস্তুতকারক বিক্রি করে, তার ক্রেতা ব্যবহার করে না এবং তার ব্যবহারকারী দেখতে পায় না?*

উত্তর ঃ- কাফন।

৬৩৩। *বন্যায় একটি তালগাছ ডুবে গেছে অথচ মোড়ল বলছে, তার এক হাঁটু পানি। তাহলে মোড়ল কত লম্বা ছিল?*

উত্তর ঃ- আসলে তালগাছটি ছোট ছিল।

৬৩৪। *ঘরের মধ্যে চেয়ার-টেবিল বা উঁচু কোন জায়গা নেই। ঘরের মেঝেতে আছে পানি। সেই ঘরের কড়িতে ৬ ফুট উঁচুতে দড়ি বেঁধে একটি মেয়ে গলায় দড়ি নিল কিভাবে?*

উত্তর ঃ- পানিটা পূর্বে বরফ-স্তূপ ছিল।

৬৩৫। *রাতের পাহারাদার মালিককে স্বপ্নে বিপদের খবর দিল। খবর সত্য ছিল, তবুও তাকে চাকরি থেকে বরখাস্ত করল কেন?*

উত্তর ঃ- যেহেতু সে আসল ডিউটি থেকে ঘুমায় তাই।

৬৩৬। *নীল কালির কলম দ্বারা লাল লেখা সম্ভব কি?*

উত্তর ঃ- সম্ভব 'লাল' শব্দ লিখলেই হবে।

৬৩৭। *এরা দু বাপ-বেটা, ওরা দু বাপ-বেটা, ৩টি রুটি গোটা গোটা। তা কি করে সম্ভব?*

উত্তর ঃ- দাদো, বাপ এবং ছেলে মোট তিনজনই।

৬৩৮। *স্বামী-স্ত্রী খেজুর খেতে খেতে এক জায়গায় আঁটি রাখছিল। হঠাৎ স্বামী বলল, আমার আঁটি থেকে তোমার আঁটি আলাদা কর, তা না পারলে তোমাকে তালাক। এখন স্ত্রী কি করবে?*

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com

উত্তর ঃ- সমস্ত আঁটিকে এক অপর থেকে পৃথক করে দেবে।

**৬৩৯।** ***স্ত্রী সিড়িতে উঠছিল। নিচে থেকে স্বামী বলল, তুমি উপরে একধাপ উঠলে তালাক, নিচে একধাপ নামলেও তালাক। এখন স্ত্রী কি করবে, তাহলে তালাক হবে না?***

উত্তর ঃ- বসে যাবে।

**৬৪০।** ***একটি দাগ টেনে স্বামী স্ত্রীকে বলল, এই দাগে স্পর্শ না করে দাগটিকে ছোট করতে হবে, না হলে তুমি তালাক। এখন স্ত্রী কি করবে, তাহলে তালাক হবে না?***

উত্তর ঃ- পাশে একটা বড় দাগ টেনে দেবে।

**৬৪১।** ***নৌকায় ২০০ কেজির বেশী এক কেজিও মাল যাবে না। একটি হাতির ওজন পুরো ২০০ কেজি। নৌকায় চাপিয়ে মাঝ নদীতে ৫ কেজি মত লেদে দিল। নৌকা ডুবেবে কি না?***

উত্তর ঃ- না। কারণ, লাদ সহ হাতির ঐ ওজন ছিল।

**৬৪২।** ***সঙ্গে দুটি লোহার বল আছে। নৌকায় ১টি যাবে, দুটি এক সাথে যাবে না। বল-ওয়ালা কিভাবে পার হবে?***

উত্তর ঃ- উপর দিকে ছুঁড়ে খেলা করতে করতে।

**৬৪৩।** ***কোন্ প্রশ্নের উত্তর কোন সময়েই 'হ্যাঁ' হয় না?***

উত্তর ঃ- তুমি কি ঘুমাচ্ছ?

**৬৪৪।** ***কোন্ জিনিস দেখা যায় না, অথচ তা সর্বদা আমাদের সামনেই থাকে?***

উত্তর ঃ- ভবিষ্যৎ।

**৬৪৫।** ***আরবী একটা শব্দ বলুন, যাতে ১৪টি নোক্তা আছে।***

উত্তর ঃ- شقيقتين

**৬৪৬।** ***কোন প্রাণীর পুরুষ গর্ভধারণ করে?***

উত্তর ঃ- সিন্ধুঘোটক।

**৬৪৭।** ***কোন্ পাখী মরার পর বাচ্চা দেয়?***

উত্তর ঃ- কোকনছ পাখী।

**৬৪৮।** ***কোন্ জিনিস আপনার, অথচ তা অন্যে ব্যবহার করে বেশী?***

উত্তর ঃ- নাম।

**৬৪৯।** ***দিগ্‌দর্শন যন্ত্র কোথায় কাজ করে না?***

উত্তর ঃ- সুমেরু ও কুমেরুতে।

**৬৫০।** ***যার সব দিকে ফুটো অথচ পানি ধরে রাখে। তা কি?***

উত্তর ঃ- স্পঞ্জ।

**৬৫১।** ***আকাশ ও পৃথিবীর মাঝে কি আছে?***

উত্তর ঃ- ও।



**৬৫২।** ***মায়ের গর্ভে জন্ম নেয়নি কে কে?***

উত্তর ঃ- ৪ জন ঃ আদম, হাওয়া, ইসমাঈলের পরিবর্তে যবেহকৃত দুম্বা এবং সালেহ নবীর উটনী।

**৬৫৩।** ***চলমান কবর কি?***

উত্তর ঃ- তিমি মাছ।

**৬৫৪।** ***পৃথিবীর ইতিহাসে মাত্র একবার সূর্যের আলো পড়েছে কোথায়?***

উত্তর ঃ- মূসা ﷺ ও তাঁর সম্প্রদায় সমুদ্র অতিক্রম করার সময় লোহিত সাগরের সমুদ্রতলে।

**৬৫৫।** ***একমাত্র কোন্ প্রাণী, যে চিৎ হয়ে ঘুমাতে পারে?***

উত্তর ঃ- মানুষ।

**৬৫৬।** ***পৃথিবীতে প্রায় কত রকম ভাষা আছে?***

উত্তর ঃ- ২৭০০ রকম।

**৬৫৭।** ***একটি লোক কালো কাপড় পরে আছে, রোডে লাইট নেই, গাড়িতে লাইট নেই, দ্রুতগতিতে চলা সত্ত্বেও এক্সিডেন্ট করে না কেন?***

উত্তর ঃ- কারণ দিনের বেলা।

**৬৫৮।** ***কোন্ দেশ দুটি মহাদেশে অবস্থিত?***

উত্তর ঃ- মিসর ঃ এশিয়া ও আফ্রিকায় এবং তুর্কিস্তান ঃ এশিয়া ও ইউরোপে।

**৬৫৯।** ***একমাস কিছু না খেয়ে কেবল হাওয়া খেয়ে বেঁচে থাকতে পারে কোন্ প্রাণী?***

উত্তর ঃ- বিছা।

**৬৬০।** ***প্রাণী জগতের সবচেয়ে বড় সৃষ্টি কি?***

উত্তর ঃ- নীল তিমি। জন্মের সময় এর ছানার ওজন হয় প্রায় ছয় হাজার কেজি!

**৬৬১।** ***কোন্ প্রাণী এক মাসেরও বেশী দাঁড়িয়ে থাকতে পারে?***

উত্তর ঃ- ঘোড়া।

**৬৬২।** ***দাঁড়িয়ে ঘুমায় কোন্ প্রাণী?***

উত্তর ঃ- ঘোড়া।

**৬৬৩।** ***চোখ খুলে ঘুমায় কোন্ প্রাণী?***

উত্তর ঃ- মাছ।

**৬৬৪।** ***কোন পদার্থ পানি দ্বারা পুড়ে ?***

উত্তর ঃ- সোডিয়াম।

**৬৬৫।** ***সবকিছু খায়, পানি খেলে মারা যায়। তা কি?***

উত্তর ঃ- আগুন।

**৬৬৬।** ***কা'বা শরীফের দরজা কোন্ ধাতু দিয়ে তৈরী?***

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com

উত্তর ঃ- ২৮০ (দুই শত আশি) কেজি স্বর্ণ দিয়ে তৈরী।

৬৬৭। ***ন'-এ নবগ্রহ। ন'টি গ্রহ কি কি?***

উত্তর ঃ- সূর্য, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, রাহু ও কেতু।

৬৬৮। ***তিনে নেত্র। কি কি?***

উত্তর ঃ- দুই কপালের চক্ষু ও আর একটি জ্ঞান চক্ষু।

৬৬৯। ***ডারুইনের থিউরী কি?***

উত্তর ঃ- মানুষ পূর্বে বাঁদর ছিল!

৬৭০। ***বিবর্তনবাদ বা ক্রমবিকাশবাদ কি?***

উত্তর ঃ- মানুষ পূর্বে বাঁদর ছিল! ক্রমে ক্রমে মানুষ হয়েছে!!

৬৭১। ***জন্মান্তরবাদ কি?***

উত্তর ঃ- মানুষ মরার পর আবার পৃথিবীতে জন্ম নেওয়ার বিশ্বাস।

৬৭২। ***রোটারী ক্লাব কি?***

উত্তর ঃ- ইয়াহুদী প্রতিষ্ঠান, যার উদ্দেশ্য হল ইসলাম ও মানুষের চরিত্র ধ্বংস করা।

৬৭৩। ***ধর্মনিরপেক্ষতা কি?***

উত্তর ঃ- রাজনীতিতে ধর্মের স্থান নেই।

৬৭৪। ***সমাজতন্ত্র কি?***

উত্তর ঃ- সমাজভুক্ত সকল ব্যক্তির হিতার্থে (ভূমি ও কল-কারখানা প্রভৃতি) উৎপাদনের সহায়ক সমস্ত কিছুই রাষ্ট্রের হাতে ন্যস্ত হওয়া উচিত ; এই মতবাদমূলক রাষ্ট্রশাসন ব্যবস্থা। (সৌশ্যালিজম)

৬৭৫। ***সাম্যবাদ কি?***

উত্তর ঃ- উচ্চ-নীচ বা নর-নারী নির্বিশেষে রাষ্ট্রের সকল লোকের সমান অধিকার প্রাপ্য ; এই মতবাদ। (কমিউনিজম)

৬৭৬। ***নারীবাদ কি?***

উত্তর ঃ- পুরুষের সমান অধিকার নারীর, আসলে যৌন-স্বাধীনতার আন্দোলন।

৬৭৭। ***মৃতসাগরের এই নাম কেন?***

উত্তর ঃ- কারণ, তাতে মাছ বাঁচতে পারে না।

৬৭৮। ***জনসংখ্যার দিক দিয়ে সবচেয়ে বড় দেশ কোন্‌টি?***

উত্তর ঃ- চীন।

৬৭৯। ***জনসংখ্যার দিক দিয়ে সবচেয়ে বড় মুসলিম দেশ কোন্‌টি?***

উত্তর ঃ- ইন্দোনেশিয়া।

৬৮০। ***বছরে বারটি মাস হল কেন?***

উত্তর ঃ- কারণ, চাঁদ বছরে ১২ বার পৃথিবীকে প্রদক্ষিণ করে।



৬৮১। ***পৃথিবীর সবচেয়ে লম্বা (প্রায় ১৬১ কিমি) ক্যানেল কোন্‌টি?***

উত্তর ঃ- সুইজ খাল বা ক্যানেল।

৬৮২। ***মানুষ তার দু'টি ছোট অঙ্গ নিয়ে মানুষ। তা কি কি?***

উত্তর ঃ- হৃদয় ও জিভ।

৬৮৩। ***একটি বয়ঃপ্রাপ্ত মানুষের দেহে কত পরিমাণ রক্ত থাকে?***

উত্তর ঃ- ৬ লিটার।

৬৮৪। ***মানুষের দেহে সবচেয়ে শক্ত হাড় কোন্‌টি?***

উত্তর ঃ- চোয়ালের হাড়।

৬৮৫। ***কালো সোনা ও সাদা সোনা কাকে বলে?***

উত্তর ঃ- পেট্রল ও তুলোকে।

৬৮৬। ***মাছি উড়ন্ত অবস্থায় এক সেকেন্ডে কতবার ডানা হিলায়?***

উত্তর ঃ- ৩২০ বার।

৬৮৭। ***মশার চোখ কয়টি?***

উত্তর ঃ- ১০০টি।

৬৮৮। ***কোন্‌ প্রাণীর হার্ট তিনটি?***

উত্তর ঃ- অক্টোপাস। (মশারও তিনটি হার্ট বলে কথিত।)

৬৮৯। ***কোন্‌ লোক উপকার করতে গিয়ে অপকার ক'রে বসে?***

উত্তর ঃ- আহমক।

৬৯০। ***মানুষ নিঃশ্বাসে প্রত্যহ কত পরিমাণ হাওয়া টানে?***

উত্তর ঃ- প্রায় এক হাজার লিটার।

৬৯১। ***পিঁপড়ের পা কয়টি?***

উত্তর ঃ- ১৬টি।

৬৯২। ***জোয়ার-ভাটা হয় কিভাবে?***

উত্তর ঃ- পৃথিবী ও চাঁদের মাঝে আকর্ষণ-বিকর্ষণের ফলে।

৬৯৩। ***কোন্‌ প্রাণীর ৫টি চোখ?***

উত্তর ঃ- মৌমাছির।

৬৯৪। ***পৃথিবীর কোন্‌ শহর পানির উপরে অবস্থিত?***

উত্তর ঃ- ইটালির ভেনিস শহর।

PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com



PDF created with pdfFactory Pro trial version www.pdffactory.com